## একাদশ অধ্যায়

# ⏭ বাংলাদেশে শিশুর বেড়ে উঠা ও প্রতিবন্ধকতা



### শিৰার্থীরা যা জানবে–

- সামাজিকীকরণ প্রক্রিয়ার ধারণা ও এর প্রভাব
- সামাজিকীরণের মাধ্যম ও এর গুরবত্ব
- শিশুশ্রমের ধারণা, কারণ ও প্রভাব
- শ্রমজীবী শিশুর প্রতি আমাদের মনোভাব কী হওয়া উচিত
- বাংলাদেশে শিশু নির্যাতনের প্রকৃতি, কারণ ও প্রভাব
- শিশুপাচারের কৌশল, কারণ এবং এর ৰতিকর দিক
- শিশুপাচার প্রতিরোধের উপায়
- সামাজিকীকরণের মাধ্যমে মানবিক ও সামাজিক গুণাবলি রপ্ত করে পারিবারিক ও সামাজিক সম্পর্ক উন্নয়নে যোগ্যতা অর্জন
- শ্রমজীবী শিশুর অধিকার ও অন্যান্য বিষয়ে সচেতনতা

### বিষয়–সংৰেপ

প্রতিটি শিশুর বেড়ে ওঠা শুরব হয় পরিবার থেকে। পরিবারের গন্ডি পার হয়ে শিশুকে নতুন পরিবেশের সাথে খাপ খাওয়াতে হয়। নতুন পরিবেশের সাথে খাপ খাওয়ানোর এই প্রক্রিয়াই হলো সামাজিকীকরণ।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **শিশুর সামাজিকীকরণ শুরব হয় কোনটি থেকে?**
ক খেলার সাথি ● পরিবার গ প্রতিবেশী ঘ শিৰা প্রতিষ্ঠান

২. **শিশুশ্রমের কারণ–**
i. শিশুদের অবাধ্যতা ii. পারিবারিক আর্থিক সংকট
iii. পারিবারিক অশান্তি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
বন্ধুদের সাথে বেড়াতে গিয়ে শুভ পথ হারিয়ে ফেলে। পথ চিনিয়ে দেওয়ার কথা বলে এক লোক তাকে পার্শ্ববর্তী দেশের কিছু অপরিচিত লোকের হাতে তুলে দেয়। শুভকে হারিয়ে ছোট ছেলে সামীকে বাবা–মা লেখাপড়া, গান ইত্যাদি সকল ৰেত্রেই যোগ্য করে তোলার জন্য অতিরিক্ত চাপ দেন।

৩. **শুভ কোন সমস্যার শিকার?**
ক শিশুশ্রম খ শিশুপাচার গ শিশু নির্যাতন ঘ শিশু অপহরণ

৪. **সামীর ৰেত্রে যা ঘটতে পারে তা হলো–**
i. সে অত্যধিক মেধাবী হবে ii. তার খাওয়ায় অরবচি হবে
iii. কাজে অনীহা দেখা দেবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১ ▸▸** শিশুশ্রম

তেরো বছর বয়সী মোহন জুতার কারখানায় কাজ করে। সকাল থেকে রাত পর্যন্ত কাজ করতে করতে মাঝে মাঝে সে অসুস্থ হয়ে পড়ে। পনেরো বছরের মলি এক বাসায় কাজ করে। সেখানে তাকে ভালো খাবার খেতে দেয়, বেড়াতে নিয়ে যায়, ঈদের সময় তার পছন্দের পোশাক কিনে দেয়। কাজের অবসরে তাকে পড়ার সুযোগও দেয়।

ক. ভালোভাবে জীবনযাপনের জন্য কোন কাজ শিশুদের উপযোগী?
খ. প্রতিবন্ধকতা শিশুর জীবনে কী প্রভাব ফেলে ব্যাখ্যা কর।
গ. মোহনের কাজ কোন ধারণাকে প্রতিফলিত করে ব্যাখ্যা কর।
ঘ. মলির কর্মৰেত্রে তার প্রতি আচরণ মূল্যায়ন কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** মা–বাবার বা পরিবারের সদস্যদের কোনো কাজে সহায়তা করা।

**খ** প্রতিবন্ধকতা শিশুর জীবনে নেতিবাচক প্রভাব ফেলে। শিশুর প্রতি নির্দয় আচরণ শিশুর শারিরিক, মানসিক ও নৈতিক বিকাশকে বাধাগ্রস্থ করে। অনেক সময় মা–বাবার অত্যধিক প্রত্যশাও শিশুর উপর এক ধরণের মানসিক পীড়ন তৈরি করে যা শিশুমনে নানা সমস্যার সৃষ্টি হয়। শিশুদের যৌক্তিক চাহিদার অপূর্ণতা শিশুমনে হীনমন্যতা সৃষ্টি করে। তখন সে সমাজ ও সমাজের মানুষের প্রতি শ্রদ্ধা হারিয়ে ফেলে।

**গ** মোহনের কাজ শিশুশ্রমের ধারণাকে প্রতিফলিত করে। সাধারণত শিশুরা বিদ্যালয়ে না গিয়ে বাসা–বাড়িসহ বিভিন্ন প্রতিষ্ঠানে কাজ করে জীবিকা নির্বাহ করাকে শিশুশ্রম বলে। ১৮ বছরের নিচের কোনো শিশুর কাজ করাকেই শিশুশ্রম বলে। উদ্দীপকের মোহন তেরো বছর বয়সে জুতার কারখানায় কাজ করে। তার এই শ্রম স্পষ্টতই শিশুশ্রম। আমাদের দেশের শিশুরা বাসাবাড়ির বাইরে বিভিন্ন কলকারখানায় যেমন : চুড়ি, বিড়ি, ব্যাটারি ও জুতা তৈরির কারখানায় কাজ করছে। বিভিন্ন রাসায়নিক দ্রব্যের কারখানায় কাজ করছে। সাধারণত অভিভাকদের দারিদ্র্যতা বা পারিবারিক অসচ্ছলতা শিশুদের স্কুলের পরিবর্তে কাজে পাঠাতে বাধ্য করছে। বাবা–মা অসুস্থ হলে কিংবা তাদের মধ্যে বিবাহ–বিচ্ছেদ ঘটলে অনেক সময় শিশুরা অর্থ উপার্জনে বাধ্য হয়। এছাড়া বড় ধরনের প্রাকৃতিক দুর্যোগের কারণেও অনেক শিশু বিদ্যালয় থেকে ঝরে পড়ে এবং শিশু শ্রমিক হিসেবে কাজ করে। ছেলে ও মেয়ে শিশুর প্রতি অভিভাবকদের বৈষম্যমূলক আচরণও অনেক সময় শিশুদের শ্রমিকে পরিণত করে। অতিরিক্ত শিশুশ্রম শিশুর শারিরিক ও মানসিক বিকাশে বাধা হয়ে দাঁড়ায়। সকাল থেকে সন্ধ্যা অবধি কাজ করে বলে উদ্দীপকে মোহনের মতো তারা অসুস্থ হয়ে পড়ে। উপরিউক্ত আলোচনার প্রেৰিতে বলা যায়, মোহনের কার্যাবলি শিশুশ্রমের ধারণাকে প্রতিফলিত করে।

**ঘ** মলির কর্মৰেত্রে তার প্রতি যে আচরণ করা হয় তা শিশুশ্রমের প্রতি সহানুভূতিশীল আচরণের বহিঃপ্রকাশ। মলির বয়স পনেরো। সে বাসায় কাজ করে। তার এই কাজ নিঃসন্দেহে শিশুশ্রম। সাধারণত শিশুরা যেখানে শ্রমিক হয়ে কাজ করে সেসব জায়গায় তারা নানারকম বঞ্চনা ও নির্যাতনের শিকার হয়। কিন্তু উদ্দীপকের মলি একটি শিশুর স্বাভাবিক বৃদ্ধির জন্য যা প্রয়োজন তার বেশিরভাগই পায়। মলি যে বাসায় কাজ করে তারা মলিকে ভালো খাবার খেতে দেয়, বেড়াতে নিয়ে যায়, ঈদের সময় পছন্দের জামা কিনে দেয়, এসব কর্মকান্ড একজন শিশুশ্রমিকের প্রতি সহানুভূতির উদাহরণ। আবার মলি কাজের অবসরে লেখাপড়ারও সুযোগ পায়। এতে তার মানসিক বিকাশ আরো বেশি উন্নত হবে। পরিবারের অসচ্ছলতা ও অবহেলার কারণে যেসব শিশু কাজ করে তারা যদি মলির মত সুবিধাসমূহ পায় তবে তারা দায়িত্বশীল হয়ে উঠবে। এসব শিশুদের প্রতি ভালো আচরণের মাধ্যমে মানবিক গুণসম্পন্ন একজন নাগরিক হয়ে উঠা যায়। তাই উদ্দীপকের মলির মতো সবাই যদি কর্মৰেত্রে শিশুর অধিকার ও চাহিদা মেটাতে পারে তবে শ্রমশিশুরাও হয়ে উঠতে পারে দায়িত্বশীল ও সমাজের সম্পদ। পরিশেষে বলা যায়, মলির

মতো শিশুদের সাথে কর্মৰেত্রে ভালো আচরণের মাধ্যমে তাদেরকে সম্পদে পরিণত করা সম্ভব।

**প্রশ্ন– ২ ▸▸** সামাজিকীকরণের উপাদান

মায়ের উদ্যোগে মিলি তার বন্ধুদের নিয়ে একটি ক্লাব গঠন করে। কেউ বিপদে পড়লে এই ক্লাবের সকলে মিলে সাহায্য করে। অন্যদিকে মিলির ভাই ও তার বন্ধুরা মিলে একটি সংগঠন করে যেখানে তারা একত্রিত হয়ে বিভিন্ন পত্রিকা, ম্যাগাজিন পড়ে। জীবনধর্মী বিভিন্ন ছবি ও বিভিন্ন অনুষ্ঠান যেমন মাটি ও মানুষ, বিতর্ক অনুষ্ঠান ইত্যাদি দেখে।

ক. সামাজিকীকরণ কী?

খ. ব্যক্তির সুস্থ মানসিক বিকাশের জন্য কোন বিষয়টি গুরবত্বপূর্ণ ব্যাখ্যা কর।

গ. মিলি সামাজিকীকরণের কোন মাধ্যমকে ফুটিয়ে তুলেছে? ব্যাখ্যা কর।

ঘ. মিলির ভাই ও তার বন্ধুদের কর্মকান্ড তাদের সামাজিকীরণে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে কি তুমি মনে কর? মতামত দাও।

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** যে প্রক্রিয়ার মাধ্যমে আমরা সামাজিক শিৰা আয়ত্ত করে সমাজের উপযুক্ত সদস্য হিসেবে প্রতিষ্ঠিত হই তাকে সামাজিকীকরণ বলে।

**খ** ব্যক্তির সুস্থ মানসিক বিকাশের জন্য সামাজিকীকরণের গুরবত্ব অপরিসীম। কেননা, সামাজিকীকরণ ব্যক্তিকে সমাজের শান্তি–শৃঙ্খলা বজায় রাখতে সহায়তা করে। এছাড়াও সামাজিকীকরণের মাধ্যমে ব্যক্তি আদর্শ, মূল্যবোধ, রীতিনীতি, দায়িত্ব ও কর্তব্য, সহনশীলতা ইত্যাদি আয়ত্ব করে সামাজিক জীব হিসেবে ভূমিকা পালন করে। এভাবে সামাজিকীকরণের মাধ্যমে ব্যক্তির সুস্থ মানসিক বিকাশ ত্বরান্বিত হয়।

**গ** মিলি সামাজিকীকরণের একটি অন্যতম মাধ্যম প্রতিবেশীকে ফুটিয়ে তুলেছে। মানুষ সামাজিক জীব। সমাজ ছাড়া মানুষ বসবাস করতে পারেনা। সমাজে বসবাস করতে গিয়ে মানুষের নানা প্রকার সাহায্যের প্রয়োজন হয়। আর এই সাহায্য মানুষ সর্বপ্রথম তার প্রতিবেশীর কাছে পেয়ে থাকে। আমাদের বাড়ির আশেপাশে যারা বসবাস করে তারা হলো আমাদের প্রতিবেশী। এছাড়া পাশাপাশি বাড়িগুলোর সমবয়সী শিশুদের নিয়ে একটি প্রতিবেশী দল গঠন করা যায়। যার মাধ্যমে পারস্পরিক সহযোগিতা, সহমর্মিতা, সমতা, ঐক্য প্রভৃতি বিষয়ে জ্ঞানার্জন করা সম্ভব। তদ্রবপ উদ্দীপকেও দেখা যায়, মিলি তার বন্ধুদের নিয়ে যে ক্লাব গঠন করেছে তার সদস্যরা পরস্পর বিপদ আপদে সাহায্য করে। পরিশেষে বলা যায় যে, উদ্দীপকে মিলির গঠিত ক্লাবটি পাঠ্যপুস্তকের সামাজিকীকরণের অন্যতম মাধ্যম প্রতিবেশীকেই নির্দেশ করে।

**ঘ** হ্যাঁ, আমি মনে করি মিলির ভাই ও তার বন্ধুদের কর্মকাণ্ড তাদের সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ব্যক্তির সামাজিকীকরণে যেসব মাধ্যম গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে তার মধ্যে গণমাধ্যম অন্যতম। তেমনি উদ্দীপকেও দেখা যায় যে, মিলির ভাই ও তার বন্ধুরা মিলে যে সংগঠন করে সেখানে তারা একত্রিত হয়ে পত্রিকা পড়ে ও বিভিন্ন অনুষ্ঠান দেখে। তাদের এসব কর্মকাণ্ডের সাথে গণমাধ্যমের সাদৃশ্য রয়েছে। গণমাধ্যম সামাজিকীকরণে বেশ ভূমিকা পালন করে। যেমন : সংবাদপত্র ও ম্যাগাজিনে সমাজের মূল্যবোধ, প্রথা, ঐতিহ্য, সংস্কৃতি, শিৰা প্রভৃতি সম্পর্কে নানা তথ্য থাকে, যা শিশুর সামাজিকীকরণে ভূমিকা পালন করে। এছাড়াও বেতারে নানাধরণের জ্ঞানমূলক ও শিৰামূলক অনুষ্ঠান প্রচারের মাধ্যমেও শিশুর সামাজিকীকরণ ঘটে থাকে। আবার টেলিভিশনে দেখা বিভিন্ন তথ্য ও বাস্তবধর্মী শিৰামূলক চলচ্চিত্রও শিশুর সামাজিকীকরণে ব্যাপক ভূমিকা পালন করে। অতএব, নিশ্চিতভাবেই বলা যায়, ব্যক্তির সামাজিকীকরণে গণমাধ্যম অপরিসীম ভূমিকা পালন করে।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ পাঠ-১, ২ ও ৩ : সামাজিকীকরণ ও সমাজজীবনে এর প্রভাব, মাধ্যম ও এর গুরুত্ব** ➡ বোর্ড বই, পৃষ্ঠা-৮৪

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **সামাজিক পরিবেশের সাথে মানুষের খাপ খাইয়ে চলার প্রক্রিয়াকে কী বলে?** (জ্ঞান)
ক সামাজিক শিৰা খ সামাজিক মূল্যবোধ
● সামাজিকীকরণ ঘ পারিবারিক শিৰা

২. **সামাজিক জীব কোনটি?** (অনুধাবন)
● মানুষ খ গরব গ হাতি ঘ হরিণ

৩. **মানবশিশু বড় হয়–** (জ্ঞান)
ক বাড়িতে ● পরিবারে
গ সমাজে ঘ গ্রামে

৪. **পরিবার কী?** (জ্ঞান)
ক ৰুদ্রতম সংগঠন ● ৰুদ্রতম সামাজিক সংগঠন
গ শিৰাৰেত্র ঘ বিনোদন ৰেত্র

৫. **সমাজের উৎপত্তি হয়েছে কোথা থেকে?** (জ্ঞান)
● পরিবার থেকে খ রাষ্ট্র থেকে
গ আন্তর্জাতিক সংগঠন থেকে ঘ গ্রাম থেকে

৬. **পরিবার কী ধরনের প্রতিষ্ঠান?** (অনুধাবন)
● সামাজিক খ রাজনৈতিক
গ সাংস্কৃতিক ঘ প্রাকৃতিক

৭. **মানুষের মাঝে অকৃত্রিম ভালোবাসার জন্ম দেয় কোনটি?** (জ্ঞান)
ক সমাজ ● পরিবার গ রাষ্ট্র ঘ ধর্মীয় প্রতিষ্ঠান

৮. **সামাজিকীকরণ বলতে বোঝায়–** (অনুধাবন)
● সামাজিক হয়ে ওঠা খ মানুষ হয়ে ওঠা
গ বড় হয়ে ওঠা ঘ সমাজ প্রতিষ্ঠা করা

৯. **সামাজিকীকরণ প্রতিষ্ঠার মাধ্যমে মানুষ কী হয়ে ওঠে?** (অনুধাবন)
ক ভালো মানুষ খ কর্মঠ ● দায়িত্বশীল ঘ ধনী

১০. **শিশু জন্মগ্রহণকালে কয়টি অভাব অনুভব করে?** (জ্ঞান)
● ২ খ ৩ গ ৪ ঘ ৫

১১. **শিশুর অভাব পূরণ করে কে?** (জ্ঞান)
ক বাবা ● মা গ পরিবার ঘ সমাজ

১২. **কোনটির মাধ্যমে মানবশিশু সামাজিক জীবে পরিণত হয়?** (অনুধাবন)
ক পড়ালেখা খ কাজকর্ম
গ সমাজে বসবাস ● সামাজিকীকরণ প্রক্রিয়া

১৩. **শিশুর জীবনের শ্রেষ্ঠ শিৰক কে?** (অনুধাবন)
● মা খ বাবা গ গৃহশিৰক ঘ দাদা–দাদি

১৪. **শিশুকে সুস্থ ও সুন্দরভাবে বিকশিত হতে সহায়তা করে কোনটি?** (জ্ঞান)
ক বিদ্যালয় খ সমাজ ● সামাজিকীকরণ ঘ পরিবার

১৫. **শিশুর সামাজিকীকরণ প্রক্রিয়া কতদিন ধরে চলে?** (জ্ঞান)
● আজীবন খ কৈশোর পর্যন্ত গ যৌবন পর্যন্ত ঘ বৃদ্ধকাল পর্যন্ত

১৬. **সামাজিকীকরণ প্রক্রিয়া বলতে মূলত বোঝায়–** (অনুধাবন)
ক সমাজে বসবাস করার প্রক্রিয়া খ সমাজে চলার নিয়ম শিৰা
গ সামাজিক হওয়ার মাধ্যম ● সমাজে খাপ খাওয়ানোর প্রক্রিয়া

**১৭. মানুষকে সামাজিক জীব বলা হয় কেন?** (অনুধাবন)
(ক) সমাজে বাস করে তাই ● ঐক্যবদ্ধ জীবনযাপন করে বলে
(গ) সমাজ গোড়ে তোলে বলে (ঘ) সবাইকে ভালোবাসে বলে

**১৮. কম্পিউটার, টেলিভিশন প্রভৃতি কোন পরিবেশের উদাহরণ?** (অনুধাবন)
(ক) প্রাকৃতিক (খ) সামাজিক ● প্রযুক্তিগত (ঘ) অর্থনৈতিক

**১৯. মানুষের সমাজ জীবন নিয়ন্ত্রিত হয় কী দ্বারা?** (জ্ঞান)
(ক) সামাজিক নীতি (খ) আইন
(গ) সামাজিক আইন ● আচার–আচরণ

**২০. সমাজ জীবন বলতে বোঝায়?** (অনুধাবন)
(ক) বিশেষ জীবনব্যবস্থা (খ) প্রাথমিক জীবনব্যবস্থা
● আচার–আচরণের সমষ্টি (ঘ) আইন দ্বারা নিয়ন্ত্রিত

**২১. শিহাব তার বাবার সিগারেট খাওয়া দেখে সেও ধুমপানে আসক্ত হয়ে পড়েছে। এটি মানব আচরণের কোনটিকে নির্দেশ করে?** (প্রয়োগ)
(ক) অভ্যাসের দাস ● অনুকরণপ্রিয়
(গ) অসচেতন (ঘ) সামাজিক জীব

**২২. রিপন ছোটদের স্নেহ ও বড়দের সম্মান করে। রিপনের আচরণের মধ্যে কোনটি উপস্থিত?** (প্রয়োগ)
(ক) সামাজিক জীব (খ) নিয়মের প্রতি শ্রদ্ধা
(গ) পরিবারের মানুষ ● সামাজিক মূল্যবোধ

**২৩. সামাজিক মূল্যবোধ বলতে বোঝায়–** (অনুধাবন)
(ক) সামাজিক আদর্শ ● সাংস্কৃতিক আদর্শ
(গ) রাজনৈতিক আদর্শ (ঘ) প্রাকৃতিক আদর্শ

**২৪. সামাজিক মূল্যবোধ ব্যক্তির কোনটিকে প্রভাবিত করে?** (উচ্চতর দৰতা)
(ক) আচরণ ● ব্যক্তিত্ব (গ) সংস্কৃতি (ঘ) নীতি

**২৫. মানবশিশু কীসের মাধ্যমে সমাজের দায়িত্বশীল সদস্যে পরিণত হয়?** (অনুধাবন)
(ক) সামাজিক রীতির মাধ্যমে (খ) পরিবারে বেড়ে ওঠে
● সামাজিকীকরণ প্রক্রিয়ায় (ঘ) আইন বিষয়ে পড়ে

**২৬. কাদের সাথে আমাদের সম্পর্ক বাধ্যবাধকতার?** (জ্ঞান)
(ক) বন্ধুদের সাথে ● বয়োজ্যেষ্ঠদের সাথে
(গ) সহপাঠীদের সাথে (ঘ) শিৰকদের সাথে

**২৭. সামাজিকীকরণের সবচেয়ে গুরবত্বপূর্ণ মাধ্যম কোনটি?** (জ্ঞান)
(ক) সমাজ ● পরিবার (গ) প্রতিবেশী (ঘ) বিদ্যালয়

**২৮. পরিবারহীন শিশুটি একটি পশুর মতো আচরণ করছিল। শিশুটির মধ্যে কোনটির অভাব পরিলৰিত হয়েছে?** (প্রয়োগ)
● সামাজিকীকরণের (খ) নিয়মনীতির
(গ) মূল্যবোধের (ঘ) অর্থনৈতিক জ্ঞানের

**২৯. শিশুর আচরণকে বেশি প্রভাবিত করে কোনটি?** (জ্ঞান)
● বাবা–মায়ের আচরণ (খ) বন্ধুদের ব্যবহার
(গ) পরিবারের সদস্য (ঘ) প্রতিবেশীর আচরণ

**৩০. যাদের সাথে আমাদের রক্তের সম্পর্ক রয়েছে তাদেরকে কী বলা হয়?** (জ্ঞান)
(ক) প্রতিবেশী ● জ্ঞাতিগোষ্ঠী (গ) সহপাঠী (ঘ) বন্ধু

**৩১. শিশুর সামাজিকীকরণের আনুষ্ঠানিক মাধ্যম কোনটি?** (জ্ঞান)
(ক) পরিবার (খ) সমাজ (গ) রাষ্ট্র ● বিদ্যালয়

**৩২. নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি শিশুর মধ্যে কোনটি শিৰা দেয়?** (অনুধাবন)
(ক) সহমর্মিতা ● নিয়মানুবর্তিতা (গ) শৃঙ্খলাবোধ (ঘ) শ্রদ্ধাবোধ

**৩৩. পাড়ার খারাপ ছেলেদের সাথে মিশে রাতুল দিন দিন খারাপ হয়ে যাচ্ছে। এখানে কোনটি প্রমাণিত হয়?** (প্রয়োগ)
(ক) সামাজিকীকরণে বন্ধুদের ভূমিকা ● মানুষ বন্ধুদের দ্বারা প্রভাবিত
(গ) খারাপ ছেলেরা ভালো নয় (ঘ) সবার সাথে মেশা উচিত নয়

**৩৪. স্থানীয় সমাজের কোনটি শিশুর আচরণকে প্রভাবিত করে?** (জ্ঞান)
(ক) মুরব্বিদের আচরণ (খ) স্থানীয় আইন
● স্থানীয় মূল্যবোধ (ঘ) শ্রমের নীতি

**৩৫. গ্রামের ক্লাবটি প্রতিবছর সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে গ্রাম্য সংস্কৃতিকে বিকশিত করতে সাহায্য করে। এ ধরনের ক্লাবকে বলা হয়–** (প্রয়োগ)
(ক) স্থানীয় সম্প্রদায় ● স্থানীয় গোষ্ঠী (গ) ধর্মীয় প্রতিষ্ঠান (ঘ) স্থানীয় সমাজ

**৩৬. স্থানীয় গোষ্ঠী শিশুর মধ্যে কোন ধরনের মূল্যবোধ সৃষ্টি করে?** (অনুধাবন)
(ক) সংস্কৃতিমনা ● নিয়মানুবর্তীতা (গ) মানবশিশু (ঘ) ধার্মিক

**৩৭. ধর্মীয় উৎসব শিশুমনে কীসের সৃষ্টি করে?** (অনুধাবন)
● সম্প্রীতি (খ) সংস্কৃতি (গ) গোঁড়ামি (ঘ) কুসংস্কার


**৩৮. 'মমিন দুর্গাপূজা এলে তার বন্ধুদের সাথে পূজায় যায়।'– এখানে ধর্ম কী শিৰার রূ প ফুটিয়ে তুলেছে–** (প্রয়োগ)
● সম্প্রীতি (খ) ঐক্য (গ) সংস্কৃতি (ঘ) ধর্মীয় অনুভূতি

**৩৯. ধর্মীয় অনুষ্ঠান শিশুমনের কোনটির উন্নতি সাধন করে?** (অনুধাবন)
(ক) নীতির প্রতি শ্রদ্ধা ● নৈতিক উন্নতি
(গ) সমাজের প্রতি শ্রদ্ধা (ঘ) মানুষের প্রতি ভালোবাসা

**৪০. আধুনিক যুগের সংস্কৃতি গড়ে উঠেছে কীসের মাধ্যমে?** (অনুধাবন)
(ক) ধর্মীয় অনুষ্ঠানের (খ) গোষ্ঠী সংস্কৃতির
● গণমাধ্যমের (ঘ) রাজনৈতিক সংগঠনের

**৪১. 'টিভিতে সিসিমপুর দেখে পপি বিভিন্ন জিনিস চিনতে শিখেছে।' গণমাধ্যম এখানে কী ভূমিকা পালন করেছে?** (প্রয়োগ)
(ক) ব্যক্তিত্ব বিকাশ ● মানসিক বিকাশ
(গ) ধর্মীয় বিকাশ (ঘ) সচেতনতা বৃদ্ধি

**৪২. শিশু–কিশোররা মনের খোরাক জোগায়–** (প্রয়োগ)
● গণমাধ্যমের মাধ্যমে (খ) কবিতা পাঠ করে
(গ) স্কুলে গিয়ে বই পড়ে (ঘ) টেলিভিশন দেখে




**৪৩. শিশুর সামাজিকীকরণের খালিঘরের জন্য যথার্থ কোনটি?** (প্রয়োগ)
(ক) স্থানীয় গোষ্ঠী (খ) ধর্মীয় প্রতিষ্ঠান (গ) স্থানীয় সমাজ ● গণমাধ্যম

**৪৪. জন্মনিয়ন্ত্রণ বিষয়ক বিজ্ঞাপন দেখে সখিনা বিবি তাদের পরিবার ছোট রাখতে উদ্যোগী হয়। গণমাধ্যম এখানে কী ধরনের ভূমিকা পালন করেছে?** (প্রয়োগ)
● গণসচেতনতামূলক (খ) মূল্যবোধ বিকাশ
(গ) তথ্য প্রচার (ঘ) ব্যক্তিত্ব বিকাশ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৫. সামাজিক শিৰার অন্তর্ভুক্ত–** (অনুধাবন)
i. মূল্যবোধ ii. বিশ্বাস iii. আদর্শ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**৪৬. সামাজিকীকরণের মাধ্যমে মানুষের মাঝে যে বৈশিষ্ট্যের বিকাশ ঘটে–** (অনুধাবন)
i. দায়িত্বশীল ii. ভালো মানুষ
iii. সহিষ্ণু
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৪৭. শিশু পরিবারের বাইরে আর যেখান থেকে অভিজ্ঞতা অর্জন করে–** (অনুধাবন)
i. খেলার সাথি ii. সমিতি
iii. ধর্মীয় প্রতিষ্ঠান
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৪৮. মানুষ সমাজের সাথে মানিয়ে চলার শক্তি অর্জন করে–** (অনুধাবন)
i. সমাজের রীতি মেনে ii. সামাজিকীকরণ প্রক্রিয়ায়
iii. সামাজিক আইনের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৪৯.**
মূল্যবোধ শিৰা → রীতিনীতি শিৰা → সামাজিকীকরণ

**ছকটির সাথে নিচের যেটির সাদৃশ্য রয়েছে–** (প্রয়োগ)
i. পরিবার ii. সমাজ
iii. সংগঠন
**নিচের কোনটি সঠিক?**
● i (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৫০. মানুষকে 'সামাজিক জীব' বলার যথার্থ কারণ–** (উচ্চতর দৰতা)

i. সজ্জাপ্রিয় ii. পারিবারিক মূল্যবোধ
iii. সহজাত প্রবৃত্তি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫১. সামাজিক পরিবেশের উপাদান হলো—** (অনুধাবন)
i. রীতিনীতি ii. প্রথা প্রতিষ্ঠান
iii. ধর্মীয় আইন
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫২. মানুষের সামাজিকীকরণে যে পরিবেশের প্রভাব অত্যন্ত গভীর—** (অনুধাবন)
i. প্রাকৃতিক ii. অর্থনৈতিক
iii. সাংস্কৃতিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**৫৩. ব্যক্তির সামাজিকীকরণে যে অনুষ্ঠানের ভূমিকা রয়েছে—** (অনুধাবন)
i. জন্মদিন ii. ঈদ
iii. বিবাহ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৫৪. সামাজিকীকরণের উপাদান হলো—** (অনুধাবন)
i. প্রতিবেশী ii. গণমাধ্যম
iii. রাজনৈতিক দল
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫৫. পরিবার ও পরিবারের সদস্যদের কাছ থেকে শিশু যে শিৰা লাভ করে—** (অনুধাবন)
i. সহিষ্ণুতা ii. ভ্রাতৃত্ববোধ
iii. ভালোবাসা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৫৬. সাথিদের সাথে খেলার ছলে শিশুর মধ্যে জাগ্রত হয়—** (অনুধাবন)
i. সহযোগিতা ii. নেতৃত্ব
iii. দ্বন্দ্ব নিরসন কৌশল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৫৭. ধর্মীয় প্রতিষ্ঠান শিশুমনে সৃষ্টি করে—** (অনুধাবন)
i. সংহতি ii. ধর্মানুভূতি
iii. সম্প্রীতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৫৮. গণমাধ্যমের উপাদান হলো—** (অনুধাবন)
i. বেতার ii. সংবাদপত্র
iii. ক্যালকুলেটর
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৯ ও ৬০ নং প্রশ্নের উত্তর দাও :**
রহিমের মায়ের মৃত্যুর পর তার বাবা দ্বিতীয় বিয়ে করেন। রহিমের সৎমা তার ওপর অত্যাচার চালায়। রহিম ক্লাসে অমনোযোগী থাকে। বন্ধুদের সাথে মেলামেশা করে না। পরবর্তীতে সে অসুস্থ হয়ে পড়ে।

**৫৯. রহিমের এই পরিণতির জন্য সামাজিকীকরণের কোন মাধ্যমটি দায়ী?** (প্রয়োগ)
ক বিদ্যালয় খ খেলার সাথি গ গণমাধ্যম ● পরিবার

**৬০. রহিমকে সুস্থজীবনে ফিরিয়ে আনতে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে—** (উচ্চতর দৰতা)
i. শিৰক ii. সাংবাদিক
iii. বন্ধু–বান্ধব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৪ ও ৫ : শিশুশ্রমের ধারণা, কারণ ও প্রভাব

➡ বোর্ড বই, পৃষ্ঠা- ৮৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬১. আমাদের সমাজের অনেক শিশু বিদ্যালয়ে না গিয়ে কী করে?** (জ্ঞান)
ক খেলাধুলা খ গল্পগুজব গ ঘুরাঘুরি ● কাজ

**৬২. পরিবারে শিশুদের কাজ করা কী?** (অনুধাবন)
● সহায়তামূলক খ বাধ্যতামূলক গ আবশ্যক ঘ ঐচ্ছিক

**৬৩. শিশুর জন্য যে কাজ ৰতিকর তাকে কী বলে?** (জ্ঞান)
ক খারাপ কাজ খ অবৈধ কাজ ● শিশুশ্রম ঘ অনৈতিক

**৬৪. জাহিদ ১৫ বছর বয়সে গাড়ি চালিয়ে উপার্জন করে? তার এ বয়সে গাড়ি চালানোকে কী বলে?** (প্রয়োগ)
ক মেধাশ্রম ● শিশুশ্রম গ কায়িকশ্রম ঘ পণ্ডশ্রম

**৬৫. কোন দেশে শিশুশ্রম দিন দিন বেড়ে যাচ্ছে?** (জ্ঞান)
ক জাপান খ যুক্তরাষ্ট্রে ● বাংলাদেশে ঘ ভুটানে

**৬৬. শিশুশ্রমের প্রধান কারণ কী?** (উচ্চতর দৰতা)
ক সুস্থ পারিবারিক জীবনের অভাব খ কর্মস্থলে পিতামাতার ব্যস্ততা
● দারিদ্র্য ঘ বিবাহবিচ্ছেদ

**৬৭. মেয়েরা অনেক সময় শ্রমিকের কাজ করে কেন?** (অনুধাবন)
ক মেয়েদের মেধা কম বলে ● বৈষম্যমূলক আচরণের কারণে
গ বিবেক বুদ্ধি কম থাকায় ঘ সামাজিক কারণে

**৬৮. ১১ বছর বয়সী লাবিব অতিরিক্ত পরিশ্রম করে। তার এ অতিরিক্ত শ্রমের কারণে কী রোগ হতে পারে?** (প্রয়োগ)
ক জন্ডিস খ কলেরা গ হাম ● সংক্রামক

**৬৯. শিশুমনে হীনম্মন্যতার জন্ম দেয় কোনটি?** (উচ্চতর দৰতা)
● শারীরিক ও মানসিক ত্রবটি খ আদর যন্ত্রের অভাব
গ পিতামাতার বিবাহবিচ্ছেদ ঘ অতিরিক্ত শাসন

**৭০. হিনমন্য শিশুরা সমাজের মানুষের প্রতি কী হারিয়ে ফেলে?** (জ্ঞান)
ক ভালোবাসা খ কর্তব্য ● শ্রদ্ধা ঘ স্নেহ

**৭১. শিশুশ্রম কোন ধরনের সমস্যা?** (অনুধাবন)
ক রাজনৈতিক খ অর্থনৈতিক গ মানসিক ● সামাজিক

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭২. শিশুশ্রমের অন্তর্ভুক্ত কাজ—** (অনুধাবন)
i. ঝুঁকিপূর্ণ
ii. আরামদায়ক
iii. শোষণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭৩. শিশু শ্রমিকরা কাজ করে—** (অনুধাবন)
i. কারখানায় ii. লেদে
iii. যানবাহনে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭৪. শিশুরা শিশুশ্রমে জড়িয়ে পড়ার কারণ—** (উচ্চতর দৰতা)
i. দারিদ্র্য ii. মা–বাবার বিবাহবিচ্ছেদ
iii. প্রাকৃতিক দুর্যোগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭৫. হিনমন্য শিশুরা সাধারণত হয়ে ওঠে—** (অনুধাবন)
i. আবেগী ii. আবেগহীন
iii. ভয়হীন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৬ ও ৭৭ নং প্রশ্নের উত্তর দাও :**
১০ বছর বয়সে শানু গ্রাম থেকে শহরে এক দূর সম্পর্কের আত্মীয়ের বাসায় কাজ করা শুরব করে। তার বাবা–মা এখন শানুকে একটি পোশাকশিল্পে নিয়োজিত করার চিন্তা করছে।

৭৬. **শানুর মাধ্যমে কোন সামাজিক সমস্যা প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
ক নারীর প্রতি সহিংসতা   খ শিশুর প্রতি অবহেলা
● শিশুশ্রম   ঘ শিশু পাচার

৭৭. **শানুকে পোশাকশিল্পে নিয়োগ দিতে কত বছর অপেৰা করতে হবে?** (উচ্চতর দৰতা)
ক ৪   খ ৬   ● ৮   ঘ ১০

## ➲ পাঠ-৬ ও ৭ : শ্রমজীবী শিশুর প্রতি আমাদের মনোভাব এবং শিশু নির্যাতনের প্রকৃতি, কারণ ও প্রভাব :
➡ বোর্ড বই, পৃষ্ঠা- ৮৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭৮. **বর্তমানে অনেক শ্রমজীবী যথাযথভাবে কী পায় না?** (জ্ঞান)
● পারিশ্রমিক   খ কাজ   গ কর্তব্য   ঘ সময়

৭৯. **স্নেহ, মায়া ও মমতা পায় না কারা?** (জ্ঞান)
ক শ্রমজীবী লোকেরা   খ কৃষকের ছেলে
গ চাকরিজীবীদের ছেলে   ● শ্রমজীবী শিশু

৮০. **শ্রমজীবীদের নিত্যসঙ্গী কী?** (অনুধাবন)
ক কান্না   ● নির্যাতন   গ সুখ   ঘ কাজ

৮১. **আমরা শ্রমজীবীদের সাথে কেমন ব্যবহার করব?** (প্রয়োগ)
ক কর্কশ   খ খারাপ   ● ভালো   ঘ রূ ঢ়

৮২. **মনে কর তোমার বাড়িতে একটি কাজের লোক আছে। তার কাজে তুমি কী করবে?**
● সাহায্য   খ ভুল ধরবে
গ কাজের জন্য বকা দিবে   ঘ আরো কাজ চাপিয়ে দিবে

৮৩. **যদি কাজের শিশুটি অসুস্থ হয় তবে তুমি কী করবে?** (প্রয়োগ)
ক বাড়ি থেকে বের করে দিবে   খ গালি দিবে
● সেবা করবে   ঘ কিছুই করবে না

৮৪. **তোমার খেলার সময় যদি একজন শিশুশ্রমিক খেলতে আসে তাহলে তুমি কী করবে?** (প্রয়োগ)
ক তাড়িয়ে দেব   খ খেলতে নেব না
● খেলতে নেব   ঘ বকাবকি করব

৮৫. **কাজের লোকদের সাথে ভালো ব্যবহার কীসের অন্তর্ভুক্ত?** (উচ্চতর দৰতা)
● মানবিক মূল্যবোধ   খ সামাজিক মূল্যবোধ
গ রাষ্ট্রীয় আইন   ঘ পারিবারিক আইন

৮৬. **শিশুদের প্রতি উপহাস, গালমন্দ ও তিরস্কারকে কী বলে?** (জ্ঞান)
● শিশু নির্যাতন   খ কিশোর অপরাধ
গ অপরাধ   ঘ মূল্যবোধহীন

৮৭. **বাংলাদেশে শিশুশ্রমের মূল কারণ কী?** (উচ্চতর দৰতা)
ক পিতামাতার অৰমতা   খ শিৰার অভাব
● অর্থনৈতিক দুরবস্থা   ঘ জনসচেতনতার অভাব

৮৮. **পিতামাতারা শিৰাকে একটি অলাভজনক কর্মকান্ড মনে করে কেন?** (অনুধাবন)
● দারিদ্র্যের কারণে   খ টাকা আসে না বলে
গ লেখাপড়ার খরচ আছে তাই   ঘ সামর্থ্য না থাকার কারণে

৮৯. **শিশুশ্রম বৃদ্ধি পাওয়ার অন্যতম কারণ কোনটি?** (অনুধাবন)
● অভিভাবকদের উদাসীনতা   খ শ্রমের মূল্য বৃদ্ধি
গ শিল্পায়নের প্রভাব   ঘ শিশুশ্রম লাভজনক তাই

৯০. **আমাদের সংবিধানের মূলনীতিতে শিশুশ্রম প্রতিরোধে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?** (প্রয়োগ)
● বাধ্যতামূলক প্রাথমিক শিৰা   খ অভিভাবকদের জন্য ভাতার ব্যবস্থা
গ শিশুদের অভিভাবক সরকার   ঘ শিশুদের জন্য অর্থের ব্যবস্থা

৯১. **বাংলাদেশের আইনে শিশু ধরা হয়েছে কত বছর পর্যন্ত?** (জ্ঞান)
ক ১৫ বছর   খ ১৬ বছর   গ ১৭ বছর   ● ১৮ বছর

৯২. **৮ বছর বয়সের শফিক বাসের ড্রাইভার দ্বারা নির্যাতনের শিকার হলো। এটি কীসের অন্তর্ভুক্ত?** (প্রয়োগ)
ক আইন বিরোধী   খ সমাজ বিরোধী
গ নীতি বিরোধী   ● মানবাধিকার লঙ্ঘন

৯৩. **মা-বাবার শিশুর প্রতি অত্যাধিক প্রত্যাশাও কীসের অন্তর্ভুক্ত?** (জ্ঞান)
ক ভবিষ্যৎ উজ্জ্বলের   ● মানসিক পীড়নের
গ সফলতার   ঘ সহানুভূতির

৯৪. **মানসিক নির্যাতনের ফলে শিশুরা কেমন হয়?** (অনুধাবন)
ক স্বাস্থ্যবান   খ মেধাবী
গ দেখতে কুৎসিত   ● খিটখিটে মেজাজের

৯৫. **কারা জাতির মূল্যবান সম্পদ?** (জ্ঞান)
ক কিশোরেরা   খ যুবকরা   ● শিশুরা   ঘ নারীরা

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯৬. **বর্তমানে আমাদের দেশে শিশুশ্রমিকরা যথাযথ পায় না তাদের—** (অনুধাবন)
i. পারিশ্রমিক   ii. খাবার   iii. স্বাস্থ্যসেবা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

৯৭. **শিশুশ্রমিকদের নিত্যসঙ্গী—** (অনুধাবন)
i. দুঃখ   ii. শারীরিক নির্যাতন
iii. মানসিক নির্যাতন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   ● ii ও iii   ঘ i, ii ও iii

৯৮. **আমাদের কাজের লোক অসুস্থ হলে আমাদের কর্তব্য—** (প্রয়োগ)
i. চিকিৎসা করা   ii. সেবাযত্ন করা
iii. সহমর্মিতা প্রকাশ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

৯৯. **যদি ভালো পরিবেশে শিশুরা বেড়ে ওঠে তাহলে তারা দায়িত্বশীল হয়ে ওঠে—** (প্রয়োগ)
i. পরিবারের প্রতি   ii. বিদ্যালয়ের প্রতি   iii. সমাজের প্রতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   ● i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

১০০. **কাজের শিশুরা নির্যাতিত হয়—** (অনুধাবন)
i. পরিবারে   ii. বিদ্যালয়ে
iii. কলকারখানায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

১০১. **শিশুরা নির্যাতিত হতে পারে—** (উচ্চতর দৰতা)
i. মা-বাবার বিবাহ বিচ্ছেদে   ii. শিৰক কর্তৃক
iii. প্রতিবেশীর দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

## ➲ পাঠ-৮ ও ৯ : শিশুপাচার, কারণ ও প্রতিরোধ
➡ বোর্ড বই, পৃষ্ঠা- ৮৯

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১০২. **পাচারকারীরা কীভাবে শিশুদের পাচার করে?** (জ্ঞান)
ক প্রকাশ্যে   খ গোপনে   ● প্রতারণা করে   ঘ নিরবে

১০৩. **মানব পাচার করার পেছনে জড়িত থাকে কারা?** (জ্ঞান)
● সংঘবদ্ধ চক্র   খ রাজনৈতিক চক্র   গ সন্ত্রাসী গ্রুপ   ঘ বিদেশিরা

১০৪. **শিশুপাচারের জন্য পাচারকারীরা কী অবলম্বন করে?** (জ্ঞান)
ক ছুরি   খ দা   গ বন্দুক   ● বিভিন্ন কৌশল

১০৫. **পাচারকৃত শিশুরা কীসে জড়িয়ে পড়ে?** (জ্ঞান)
ক চাকরিতে   ● অপরাধে   গ ব্যবসায়   ঘ চিত্তবিনোদনে

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১০৬. **পাচারকারীদের কৌশল হলো—** (অনুধাবন)
i. বেড়াতে নিয়ে যাওয়া   ii. উপহার দেওয়া
iii. চাকরির প্রলোভন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

১০৭. **শিশুপাচারের কারণ হলো—** (প্রয়োগ)
i. দারিদ্র্য   ii. অসচেতনতা   iii. চাকরির প্রত্যাশা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ● i, ii ও iii

**১০৮. শিশুপাচার বন্ধে সচেতন হতে হবে—** (প্রয়োগ)
i. বাবাকে ii. বিশ্ববিদ্যালয়কে
iii. প্রতিবেশীকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৯ ও ১১০ নং প্রশ্নের উত্তর দাও :**
সাজিদ সাহেব একজন সমাজ বিশেরষক। তিনি জরিপ করে দেখতে পেলেন যে, ১০ বছরের ব্যবধানে সমাজে ব্যাপক অপরাধ, শিশুপাচার, বিবাহ বিচ্ছেদ ও শিশুশ্রম বৃদ্ধি পেয়েছে।

**১০৯. সাজিদ সাহেবের জরিপে কোন দিকটি ফুটে ওঠেছে?** (প্রয়োগ)
ক সামাজিক হত্যাকাণ্ড খ সামাজিক বিশৃঙ্খলা
গ সামাজিক জটিলতা ● মূল্যবোধের অবৰয়

**১১০. জমাজের এ অবস্থার অন্যতম কারণ—** (উচ্চতর দৰতা)
i. দারিদ্র্য ii. অভিভাবকের অসচেতনতা
iii. অপরিচিতদের সাথে মিলেমিশে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** সামাজিকীকরণের প্রভাব

মামুন শহরে বাস করে। সেখানে সে তার পরিবারের সাথে থাকে। কিন্ডারগার্টেনে তাকে অনেক বই পড়তে হয়। নগর জীবনের অনেক সুযোগ সুবিধা সে ভোগ করে। অন্যদিকে তার চাচাতে ভাই মুকুল তার সমবয়সী। সে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়ে।

ক. শিশু পাচারের অন্যতম কারণ কী? ১
খ. শিশু পাচার রোধে পাঁচটি করণীয় ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মামুনের সামাজিকীকরণে বিভিন্ন উপাদানের প্রভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মামুন ও মুকুলের সামাজিকীকরণে উপাদানগুলোর প্রভাব ভিন্ন— কথাটি বিশেরষণ কর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** মা–বাবা ও অভিভাবকদের সচেতনতার অভাব শিশু পাচারের অন্যতম কারণ।

**খ** শিশুপাচার রোধে আমাদের করণীয় কম নয়। এর মধ্যে গুরবত্বপূর্ণ ৫টি কাজ নিচে উলেরখ করা হলো :
১. নির্জন বা দূরে কোথাও শিশুদের একা পাঠাব না।
২. অপরিচিত বা স্বল্প পরিচিত কোন ব্যক্তির নিকট থেকে কিছু না নেয়ার শিৰা শিশুকে দিতে হবে।
৩. যেকোনো প্রকার প্রলোভনকারীর প্রলোভন সম্পর্কে আমরা সচেতন হব।
৪. পাচারকারীদের কৌশল সম্পর্কে নিজেরা সচেতন হব এবং অন্যদেরও এ বিষয়ে সতর্ক করব।
৫. সর্বোপরি পাচার রোধে যথাযথ কর্তৃপৰের সহায়তা নেব।

**গ** উদ্দীপকে মামুনের সামাজিকীকরণে বিভিন্ন উপাদানের প্রভাব দেখা যায়। শিশুর সামাজিকীকরণে পরিবার, বিদ্যালয়, অন্তরঙ্গগোষ্ঠীর ব্যাপক প্রভাব দেখা যায়। জন্মের পর শিশু পরিবারের মাধ্যমেই নীতিবোধ, নাগরিক চেতনা, সহিষ্ণুতা, সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ, ভালোবাসা প্রভৃতি সামাজিক শিৰা অর্জন করে। পরিবারের গণ্ডি অতিক্রম করে শিশু যখন বিদ্যালয়ে যায় তখন তার ভূমিকার বিস্তৃতি ঘটে। এভাবে বৃহৎ পরিমণ্ডলে তার ভূমিকা ও নেতৃত্ব নিয়ন্ত্রিত হয়। উদ্দীপকে মামুনের ওপরও সামাজিকীকরণের বিভিন্ন উপাদানের প্রভাব লৰণীয়। পারিবারিক পরিবেশে তার মাঝে একদিকে যেমন বিকশিত হচ্ছে নাগরিক চেতনা, সম্প্রীতি, সহিষ্ণুতা, নীতিবোধ প্রভৃতি তেমনি অন্যদিকে শহরের উন্নত পরিবেশে আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তির সুবিধাও ভোগ করছে। কিন্ডারগার্টেন স্কুলে বিভিন্ন রকমের বই তার সামনে উন্মোচন করছে জ্ঞানের ভিন্ন জগত। যদিও গ্রামের তুলনায় সহশিৰাক্রমিক বিভিন্ন সুযোগ যেমন— উন্নত শিৰা ব্যবস্থা, প্রশিৰিত শিৰক, প্রযুক্তি প্রভৃতি তাকে সম্পূর্ণ ভিন্ন ব্যক্তিত্বরূ পে গড়ে তুলছে। তাই বলা যায়, মামুনের সামাজিকীকরণে বিভিন্ন উপাদানের প্রভাব বিদ্যমান।

**ঘ** উদ্দীপকে মামুন শহরে ও মুকুল গ্রামে বাস করে, তাই তাদের সামাজিকীকরণের প্রভাব ভিন্ন। গ্রাম ও শহর সমাজ মিলেই বাংলাদেশের বৃহত্তর সমাজ কাঠামো গড়ে উঠেছে। গ্রামপ্রধান দেশের অধিকাংশ মানুষ গ্রামে বাস করে। এদেশের অধিকাংশ মানুষের সামাজিকীকরণ ঘটে গ্রামীণ পরিবেশে। গ্রামীণ পরিবেশে শিশুর সামাজিকীকরণ ও শহুরে পরিবেশে বেড়ে ওঠা শিশুর সামাজিকীকরণে পার্থক্য রয়েছে। গ্রামীণ সমাজকাঠামোর বৈশিষ্ট্য হলো একক ও যৌথ পরিবার কাঠামো, কৃষিভিত্তিক অর্থনীতি, পরিবারের সদস্যদের মধ্যে ঘনিষ্ঠতা, সহজ–সরল জীবনযাপন, জীবনযাত্রায় সামাজিক প্রথা ও লোকাচারেরা প্রভাব প্রভৃতি। দারিদ্র্য, অশিৰা ও রৰণশীলতা এ সমাজকাঠামোর বিশেষ বৈশিষ্ট্য। গ্রামের শিশু–কিশোররা এ বৈশিষ্ট্যপূর্ণ পরিবেশেই বড় হতে থাকে। যা তার সামাজিকীকরণকে প্রভাবিত করে। অন্যদিকে শহরের সমাজ কাঠামোর বৈশিষ্ট্য হলো একক পরিবার কাঠামো, শিল্পভিত্তিক সমাজ, জটিল সমাজজীবন, শহরের সংস্কৃতি এবং মানুষের মধ্যে সামাজিক সম্পর্কের দূরত্ব প্রভৃতি। এ পরিবেশের বিভিন্ন উপাদানের সাথে ব্যক্তির আচরণিক ক্রিয়া–প্রক্রিয়া ঘটে, যা তার সামাজিকীকরণে প্রভাবিত হয়। সুতরাং বলা যায় যে, মামুন ও মুকুলের সামাজিকীকরণের উপাদানগুলোর প্রভাব পরস্পর ভিন্ন।

**প্রশ্ন– ২** সামাজিকীকরণের মাধ্যম

সাকিবের মা–বাবা দুজনই চাকরি করেন। ছোটবেলা থেকেই সাকিবকে একাকী থাকতে হয়েছে। টিভিতে কার্টুন দেখাই ছিল সময় কাটানোর মাধ্যম। বাইরের খেলার সাথি কিংবা অন্য কারো সাথে তেমন মেলামেশার সুযোগ ছিল না। স্কুল জীবন কেটেছে এক ধরনের নিঃসঙ্গতায়, পিতা মাতার সাথে তার সম্পর্কটুকুও স্বাভাবিক নয়। এক ধরনের আত্মবিশ্বাসহীনতায় বেড়ে উঠেছে সাকিব। মনোবিজ্ঞানীরা মনে করেন সাকিবের সামাজিকীকরণ যথাযথভাবে হয়নি।

ক. কীভাবে শিশু পাচার হয়? ১
খ. 'সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া'— ব্যাখ্যা কর। ২
গ. সাকিবের যথাযথ সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোর ভূমিকা লেখ। ৩
ঘ. 'যথাযথ সামাজিকীকরণের প্রক্রিয়া শিশুকে সামাজিক মানুষে পরিণত করে—' বিশেরষণ কর। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** ভয় বা লোভ দেখিয়ে, প্রতারণা করে অথবা জোরপূর্বক ধরে নিয়ে পাচারকারীরা শিশু পাচার করে।

**খ** শিশুর জন্মের পর হতে মৃত্যু পর্যন্ত বিভিন্ন মাধ্যমে অভিজ্ঞতা অর্জন ও খাপ খাওয়ানোর প্রক্রিয়াই সামাজিকীকরণ। জীবনের প্রতিটি ক্ষেত্রে ব্যক্তিকে নতুন নিয়ম–কানুন, রীতিনীতি এবং নতুন পরিবেশ পরিস্থিতির সম্মুখীন হতে হয়। এ পরিস্থিতির সাথে নিজেকে খাপ খাইয়ে চলার প্রক্রিয়ার নাম সামাজিকীকরণ।

**গ** সাকিবের যথাযথ সামাজিকীকরণে পরিবার, বিদ্যালয়, সহপাঠী, ধর্মীয় প্রতিষ্ঠান ও গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। পরিবার সামাজিকীকরণের সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম। পরিবারের মধ্যেই সামাজিক নীতিবোধ ও নাগরিক চেতনার সূচনা হয়। আমরা সহযোগিতা, সহিষ্ণুতা, সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ, ত্যাগ, ভালোবাসা প্রভৃতি গুণগুলো পরিবারের মধ্যে থেকেই অর্জন করি। বিদ্যালয় শিশুর সামাজিকীকরণের আনুষ্ঠানিক মাধ্যম। শিক্ষা অর্জনের পাশাপাশি শৃঙ্খলাবোধ, নিয়মানুবর্তিতা, শ্রদ্ধাবোধ, সহযোগিতা, পারস্পরিক ভালোবাসা প্রভৃতি আদর্শগুলো শিশু বিদ্যালয় থেকে শিখে থাকে। এছাড়া শিশুর সুষ্ঠু সামাজিকীকরণে খেলার সাথি ও পড়ার সাথির ভূমিকাও গুরুত্বপূর্ণ। এদের মাধ্যমেই সহযোগিতা, সহনশীলতা, সহমর্মিতা, নেতৃত্ব প্রভৃতি গুণাবলি বিকশিত হয়। ধর্মীয় প্রতিষ্ঠানও শিশুর সামাজিকীকরণে অত্যন্ত প্রয়োজনীয়। ধর্মীয় প্রতিষ্ঠান পারস্পরিক বন্ধন সুদৃঢ় করে, সৌহার্দ্য ও সম্প্রীতি বাড়িয়ে তোলে, যা শিশু–কিশোরদের নৈতিকতা বিকাশে সহায়তা করে। গণমাধ্যমে প্রচারিত বিভিন্ন সংবাদ, অনুষ্ঠান শিশুকে আনন্দদানের পাশাপাশি জ্ঞানের পরিধি বিস্তৃত করে। সুতরাং বলা যায়, সামাজিকীকরণে উপরোক্ত প্রতিষ্ঠানগুলো সাকিবের সুষ্ঠু বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**ঘ** যথাযথ সামাজিকীকরণ প্রক্রিয়া শিশুকে সামাজিক মানুষে পরিণত করে। সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া। শিশুর জন্মের পর হতে মৃত্যু পর্যন্ত বিভিন্ন মাধ্যমে অভিজ্ঞতা অর্জন ও খাপ খাওয়ানোর প্রক্রিয়াই সামাজিকীকরণ। জন্মের পর প্রথমে মায়ের এবং পরবর্তী সময়ে অন্যান্য সদস্যদের সংস্পর্শ শিশুর আচরণকে প্রভাবিত করে। এভাবে শিশু পরিবারের বাইরের পরিবেশ যেমন : খেলার সাথি, পাড়া–প্রতিবেশী, বিদ্যালয়, ধর্মীয় প্রতিষ্ঠান প্রভৃতি থেকে অভিজ্ঞতা অর্জন করে। কিন্তু শিশুর জীবনে যদি এ সকল প্রতিষ্ঠানগুলোর যথাযথ প্রয়োগ না ঘটে তাহলে শিশুর সামাজিকীকরণ ব্যাহত হবে। যেমন : পারিবারিক পরিবেশে শিশু যদি দ্বন্দ্ব–কলহ দেখে তাহলে তার আচরণে এর বিরূপ প্রতিক্রিয়া পড়বে। শিশু যদি খেলার সাথিদের সাথে সময় না কাটায় তাহলে সে একাকীত্ববোধ করবে। তার মধ্যে সহনশীলতা, সহিষ্ণুতা, নেতৃত্ব ইত্যাদি গুণগুলো বিকশিত হবে। বিদ্যালয়ে না গেলে শিশু শিক্ষা অর্জনের পাশাপাশি নীতি ও নৈতিকতার জ্ঞানলাভ থেকে বঞ্চিত হবে। ধর্মীয় প্রতিষ্ঠানে শিক্ষার অভাবে শিশুর মধ্যে নৈতিকতা, বিবেকবোধ জাগ্রত হবে না। এছাড়া গণমাধ্যমের যথাযথ ব্যবহার না হলে শিশু সংকীর্ণমনের অধিকারী হবে। বিশ্বজগৎ সম্পর্কে তার জ্ঞানলাভ হবে না। উপরের আলোচনার প্রেক্ষিতে বলা যায়, সুষ্ঠু সামাজিকীকরণ প্রক্রিয়াই শিশুর সুষ্ঠু বিকাশে সহায়ক ভূমিকা পালন করে।

**প্রশ্ন– ৩** ▶▶ সামাজিকীকরণে বিভিন্ন মাধ্যমের ভূমিকা

নবম শ্রেণির ছাত্র আবির প্রায়ই বিদ্যালয়ে অনুপস্থিত থাকে। মাঝে মধ্যে তাকে মহল্লার বখাটে ছেলেদের সাথে ঘুরে বেড়াতে দেখা যায়। বিদ্যালয়ে কদাচিৎ আসলেও সহপাঠীদের সাথে ঝগড়া বিবাদ করে। আবিরের বাবা–মা তার ভালোমন্দের তেমন খবর রাখে না। সম্প্রতি শ্রেণিকক্ষে একটি তুচ্ছ ঘটনায় তার এক সহপাঠীকে গালিগালাজ করে। এতে কয়েকজন সহপাঠী উদ্যোগ নিয়ে আবিরকে কিছু নৈতিকতার কথা বলে। ফলে সে অনুতপ্ত হয়।

?
- ক. সমাজ কাঠামোর মৌল সংগঠন কী? ১
- খ. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে আবিরের সামাজিকীকরণের ক্ষেত্রে কোন মাধ্যমটির অভাব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. সামাজিকীকরণের বিভিন্ন মাধ্যমের সাথে ব্যক্তির আচরণনিক ক্রিয়া প্রতিক্রিয়া ঘটে যা তার সামাজিকীকরণে প্রভাবিত হয়– পাঠ্যবই ও উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** সমাজ কাঠামোর মৌল সংগঠন হলো পরিবার।

**খ** সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া। নতুন নতুন নিয়ম–কানুন, রীতিনীতি এবং নতুন পরিবেশ পরিস্থিতির সাথে নিজেকে খাপ খাইয়ে চলার প্রক্রিয়ার নাম সামাজিকীকরণ।

**গ** আবিরের সামাজিকীকরণের ক্ষেত্রে পরিবার ও পরিবারের সদস্যদের ভূমিকার অভাব ফুটে উঠেছে। পরিবার সামাজিকীকরণের সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম। শিশুর সবচেয়ে কাছের মানুষ হলো পিতামাতা। পিতামাতার স্বতন্ত্র আচরণ ও মূল্যবোধ শিশুর সামাজিকীকরণে প্রভাব ফেলে। শিশু তার বাবা–মার কাছ থেকে নৈতিকতা, খাদ্যাভ্যাস, সুশিক্ষা, আত্মপ্রত্যয়ী মনোভাব প্রভৃতি পেয়ে থাকে। কিন্তু শিশু যখন পরিবারে তার বাবা–মার সঙ্গ পায়না তখনই সে অসামাজিক হয়ে ওঠে। উপযুক্ত শিক্ষার অভাবে সে হয়ে ওঠে অনৈতিক। উদ্দীপকেও দেখা যায় আবিরের বাবা মা তার তেমন খোঁজ খবর না রাখায় সে অনৈতিক হয়ে ওঠে। বখাটেদের সাথে মেলামেশা ঝগড়া বিবাদ প্রভৃতিতে জড়িয়ে পড়ে। যা পরিবারের ভূমিকার অভাবকেই নির্দেশ করে।

**ঘ** সামাজিকীকরণের বিভিন্ন মাধ্যমের সাথে ব্যক্তির আচরণিক ক্রিয়া প্রতিক্রিয়া ঘটে যা তার সামাজিকীকরণের ক্ষেত্রে প্রভাবিত হয়। এই উক্তির সাথে পাঠ্যবইয়ের শহরের সমাজ কাঠামোর বৈশিষ্ট্যের মিল পাওয়া যায়। শহরের সমাজ কাঠামোর বৈশিষ্ট্য হলো একক পরিবার কাঠামো, শিল্পভিত্তিক অর্থনীতি, জটিল সামাজিক জীবন, শহরের সংস্কৃতি এবং মানুষের মধ্যে সামাজিক দূরত্ব প্রভৃতি। শহরের পরিবেশের সংস্কৃতি ও আচার–আচরণ হয় আলাদা। শহরে কিন্ডারগার্টেন, আন্তর্জাতিক স্কুল, প্রি–ক্যাডেটসহ বিভিন্ন বৈশিষ্ট্যের স্কুল রয়েছে। শহরের পেশাগত ক্ষেত্রও গ্রাম থেকে একটু ভিন্ন হয়। শহরের প্রতিবেশীদের মধ্যে তেমন আন্তরিক বন্ধন থাকে না। এতে পরিবেশের বিভিন্ন মাধ্যমের সাথে ব্যক্তির আচরণিক ক্রিয়া প্রতিক্রিয়া ঘটে যা তার সামাজিকীকরণে প্রভাবিত হয়।

**প্রশ্ন– ৪** ▶▶ শিশুশ্রম

সানোয়ার সাহেব প্রতিদিন যে লেগুনা করে অফিসে যান সেই লেগুনার ভাড়া তোলে ১০ বছর বয়সী হাবিব। আজ সে চলন্তগাড়ি থেকে আকস্মিকভাবে পড়ে যায় এবং আঘাতপ্রাপ্ত হয়। প্রাথমিক চিকিৎসাপূর্বক সানোয়ার সাহেব হাবিব কে বাসায় পৌঁছে দেন। তিনি হাবিবের মায়ের নিকট জানতে চান, হাবিবকে স্কুলে না পাঠিয়ে কাজে দিয়েছেন কেন? জবাবে হাবিবের মা বলল, স্কুলে গেলে তো আর টাকা আয় হবে না স্যার! ও টাকা আয় না করলে আমাদের না খেয়ে মরতে হবে।

?
- ক. শিশু নির্যাতন রোধে কোনটি জরুরি? ১
- খ. শিশু পাচারের কারণ ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে কোন বিষয়ের ধারণা পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে হাবিবের মতো শিশুরা কেন কাজ করে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** শিশু নির্যাতন রোধে সামাজিক মূল্যবোধের উন্নয়ন জরুরি।

**খ** শিশু পাচারের বহুবিধ কারণ রয়েছে। দরিদ্র বাবা–মার সন্তান লালনপালনে অক্ষমতা, মা–বাবা ও অভিভাবকদের সচেতনতার অভাব, চাকরির আশায় পাচারকারীদের হাতে তুলে দেওয়া, অভিভাবকহীন শিশুদের অসহায়ত্ব শিশু পাচারের অন্যতম কারণ। অবৈধভাবে অর্থ

উপার্জনের জন্য পাচারকারীরা শিশুদের নানাভাবে কৌশল করে বিদেশে পাচার করে। কখনো কখনো দেহের অঙ্গ প্রত্যঙ্গ সংগ্রহ করে বিক্রি করে অর্থ উপার্জন করে। এছাড়াও পারিবারিক অসাবধানতা ও অসুস্থ সামাজিক পরিবেশ শিশু পাচারের অন্যতম কারণ।

**গ** উদ্দীপকে শিশুশ্রমের ধারণা পাওয়া যায়। আমাদের দেশে ১৮ বছরের কম বয়সী সকল মানুষকে শিশু হিসেবে গণ্য করা হয়। এখানকার অনেক শিশু বিদ্যালয়ে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন রকম কাজ করে। কিছু কিছু কাজ আছে যা শিশুর জন্য ৰতিকর। এ ধরনের কাজকে শিশুশ্রম বলা হয়। সুতরাং, উপার্জন করার জন্য কাজ করতে গিয়ে শিশুরা বিপদ, ঝুঁকি, শোষণ ও বঞ্চনার সম্মুখীন হলে সে কাজকে শিশুশ্রম বলা যায়। বাংলাদেশে ১৮ বছরের নিচে শিশুশ্রম বেআইনি। আমাদের দেশের অনেক শিশু অন্যের বাড়িতে কাজ করে। বসতবাড়ির বাইরেও কিছু কলকারখানায়ও কাজ করে। এছাড়াও তারা গাড়ি বা টেম্পুর সাহায্যকারী হিসেবেও কাজ করে। এসবই শিশুশ্রমের অন্তর্ভুক্ত। তেমনিভাবে উদ্দীপকেও দেখা যায়, সানোয়ার সাহেব যে লেগুনায় করে অফিস যান সেই লেগুনায় ১০ বছরে শিশু হাবিব কাজ করে। হাবিবের এ কাজকেও শিশুশ্রম বলা হয়। অতএব, হাবিবের কার্যক্রমে পাঠ্যপুস্তকের শিশুশ্রমের ধারণাটিই স্পষ্ট হয়।

**ঘ** উদ্দীপকে হাবিবের মতো শিশুরা অর্থের জন্য কাজ করে বলে আমি মনে করি। আমাদের দেশের অনেক অভিভাবক দারিদ্র্যতা বা পারিবারিক অসচ্ছলতার কারণে শিশুদের স্কুলের পরিবর্তে কাজে পাঠাতে বাধ্য হয়। উদ্দীপকে হাবিব নামের ১০ বছরের শিশুটি একটি লেগুনায় কাজ করে অর্থ উপার্জন করে। যে অর্থে তার সংসার চলে। হাবিব কাজ না করলে তার পরিবারের সকলকে না খেয়ে থাকতে হবে। এ কারণে হাবিব কাজ করতে বাধ্য হয়। এছাড়াও নানা কারণে হাবিবের মতো শিশুরা স্কুলে না গিয়ে কাজ করে। যেমন : বাবা–মা অসুস্থ হলে বা তাদের মধ্যে বিবাহ বিচ্ছেদ ঘটলে অনেক সময় শিশুরা অর্থ উপার্জনে বাধ্য হয়। এছাড়া বড় ধরনের প্রাকৃতিক দুর্যোগের কারণে অনেক শিশুরা বিদ্যালয় থেকে ঝরে পড়ে এবং শিশুশ্রমিক হিসেবে কাজ করে। আবার ছেলে ও মেয়ে শিশুর প্রতি অভিভাবকদের বৈষম্যমূলক আচরণও অনেক সময় মেয়ে শিশুকে শ্রমিকে পরিণত করে। অতএব নিশ্চিতভাবেই বলা যায় যে, উদ্দীপকে হাবিবের মতো শিশুরা পরিবারের অসচ্ছলতা, অসচেতনা প্রভৃতি কারণে শিশুশ্রমিক হিসেবে কাজ করে থাকে।

**প্রশ্ন– ৫ ▶▶** শিশুশ্রমের কারণ ও প্রতিরোধ

১০ বছর বয়সী সলেমানকে স্কুল ছাড়িয়ে পারিবারিক অসচ্ছলতার কারণে তার মা বাবা তাকে একটি ইটের ভাটায় কাজ করার জন্য দেয়। এখানকার কাজ ঝুঁকিপূর্ণ যা তার স্বাস্থ্য ও জীবনের জন্য হুমকিস্বরূ প।

ক. শিশুর শারীরিক–মানসিক–নৈতিক বিকাশকে বাধাগ্রস্ত করে কোনটি? ১
খ. শিশু নির্যাতনের প্রকৃতি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে বিষয়টির ইঙ্গিত রয়েছে তার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি প্রতিরোধে বাংলাদেশের প্রেৰাপটে গৃহীত পদৰেপের তাৎপর্য বিশেৱষণ কর। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** শিশুর প্রতি নির্দয় আচরণ।

**খ** শিশুশ্রমের বিভিন্ন প্রকৃতি রয়েছে। বাবা–মার বিচ্ছেদ ও সাংসারিক মনমালিন্য হওয়ায় শিশু নির্দয় আচরণের স্বীকার হয়। শিশু কখনো বড় ভাই বোন বা আত্মীয়স্বজন দ্বারা কারণে অকারণে নির্যাতনের শিকার হতে পারে। কখনও কখনও শিশু তার বিদ্যালয়ে শিৰক কর্তৃক নির্যাতনের স্বীকার হয়। কারখানা বা হোটেল মালিক বা বয়োজ্যেষ্ঠ শ্রমিক দ্বারা অনেক সময় শিশু নির্যাতনের শিকার হয়। এছাড়াও বাস ড্রাইভার ও কন্ট্রাকটর দ্বারাও শিশুরা নির্যাতনের শিকার হয়ে থাকে।

**গ** উদ্দীপকে শিশুশ্রমের প্রতি ইঙ্গিত রয়েছে। উদ্দীপকে আমরা দেখতে পাই, ১০ বছর বয়সী সলেমান পারিবারিক অসচ্ছলতার কারণে ইটের ভাটার কাজে যোগ দেয়। সলেমান একজন শিশু আর সে তার পরিবারকে আর্থিকভাবে সাহায্য করার জন্য কাজে যোগ দেয়। তাই তার কাজকে শিশুশ্রম হিসেবে আখ্যায়িত করা যায়। বাংলাদেশে শিশুশ্রমের প্রথম ও প্রধান কারণ হচ্ছে অর্থনৈতিক দুরাবস্থা। দরিদ্র্য পরিবারের বাবা–মার পৰে ভরণ–পোষণ মিটিয়ে সন্তানের লেখাপড়ার খরচ জোগানো সম্ভব হয় না। ফলে তাদের স্কুলে পাঠাতে বাবা–মা উৎসাহ হারিয়ে ফেলে। তারা মনে করে সন্তানকে কোনো পেশায় নিয়োজিত করে আয় রোজগার করলে পরিবারের উপকার হবে। এছাড়া শিশুদের অল্প মজুরিতে দীর্ঘৰণ কাজে খাটানো যায় বলে নিয়োগ কর্তারাও শিশুদেরকে কাজে লাগানোর জন্য উৎসাহী হন। আবার শিশুশ্রমের কুফল সম্পর্কে অভিভাবকদের উদাসীনতার কারণেও শিশুশ্রম বৃদ্ধি পাচ্ছে। পরিশেষে বলা যায়, আর্থিক দুরাবস্থা ও এর কুফল সম্পর্কে উদাসীনতা শিশুশ্রমকে বৃদ্ধি করছে।

**ঘ** শিশুশ্রম প্রতিরোধে বাংলাদেশে নানা ধরনের পদৰেপ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশের সংবিধানে শিশুসহ সকল নাগরিকের মৌলিক অধিকারকে স্বীকৃতি দেয়া হয়েছে। সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি অংশে শিশুদের জন্য বাধ্যতামূলক প্রাথমিক শিৰাসহ শারীরিক ও মানসিক প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের উদ্যোগে ওপর জোর দেয়া হয়েছে। বাংলাদেশের শ্রম আইন ২০০৬–এ শিশু ও কিশোরদের ন্যূনতম বয়স নির্ধারণে করা হয়েছে ১৪ বছর এবং ১৪ থেকে ১৮ বছর। এছাড়া আইনে উলেৱখ করা হয়েছে ১৪ বছরের কম বয়সী কোনো শিশুকে কাজে নিয়োগ করা যাবে না এবং শিশুর পিতামাতা এবং অভিভাবক শিশু দিয়ে কাজ করানোর জন্য কারও সাথে কোনো প্রকার চুক্তি করতে পারবে না। কিশোর শ্রমিকদের স্বাভাবিক কাজের সময়সীমা নির্ধারণ করা হয়েছে দৈনিক ৫ ঘণ্টা। কিশোর শ্রমিককে দিয়ে কোনো ঝুঁকিপূর্ণ কাজ করানো যাবে না। এছাড়া এই আইনে আরো বলা হয়েছে, ১২ বছর বয়সি শিশু কিশোরদের কেবলমাত্র সে ধরনের হালকা কাজই করানো যাবে যে কাজে কোনো ৰতি হবে না এবং যা তাদের শিৰা গ্রহণকে বিঘ্নিত করবে না। জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০–এ শিশুশ্রম বিলোপ সাধনে কতগুলো সুনির্দিষ্ট লৰ্য নির্ধারণ করা হয়েছে। পরিশেষে বলা যায়, উপরোক্ত পদৰেপগুলোর যথাযথ প্রয়োগই শিশুশ্রম নিরসনে কার্যকরী ভূমিকা রাখবে।

**প্রশ্ন– ৬ ▶▶** শ্রমজীবী শিশু

মোবারক দুবছর যাবৎ আঃ সাত্তার সাহেবের বাসায় কাজ করে। এখন মোবারকের বয়স বার বছর। সে ঘর পরিষ্কার, বাজার করা, থালা–বাসন পরিষ্কারসহ নানা ধরনের কাজ করে। মিসেস সাত্তার কাজের ৰেত্রে সামান্য ত্রবটি হলেই মোবারককে অকথ্য ভাষায় বকা দেয়, মাঝে মাঝে গায়েও হাত তোলে। মোবারককে ঠিকমতো খেতেও দেওয়া হয় না। এতকিছুর পরও মোবারক নিঃশব্দে কাজ করে চলেছে।

ক. শিশু নির্যাতন কী? ১
খ. শিশুশ্রমের ৰতিকর প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মোবারক কোন ধরনের শিশুদের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মোবারকের মতো শিশুদের প্রতি আমাদের কেমন মনোভাব পোষণ করা উচিৎ বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** শিশুর প্রতি উপহাস, তিরস্কার, গালমন্দ, শারীরিক ও মানসিক ইত্যাদি নানা অমানবিক ও নির্দয় আচরণকে শিশু নির্যাতন বলে।

**খ** শিশুশ্রম শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্যের ৰতি করে। অতিরিক্ত শ্রমের কারণে শিশুরা সংক্রামক রোগে আক্রান্ত হয়। শিশুশ্রম শিশুর আচরণকে পরিবর্তন করে। চাহিদার অপূর্ণতা শিশুকে সাংঘর্ষিক করে তোলে। সমাজ ও সমাজের মানুষের প্রতি তার শ্রদ্ধাবোধ হারিয়ে

যায়। শিশুমনে একপ্রকার হিংস্রতা ও ৰিপ্রতার জন্ম নেয়। অপুষ্টি, অনিন্দ্রা, বিশ্রামহীন জীবন শিশু শ্রমিকের বিকাশকে প্রভাবিত করে।

**গ** উদ্দীপকে মোবারক শ্রমজীবী শিশুদের প্রতিনিধিত্ব করে। যেসব কমবয়সী ছেলে–মেয়ে বসতবাড়িতে, কারখানায় কিংবা অন্য কোনো কর্মৰেত্রে কাজ করে তাদেরকে শ্রমজীবী শিশু বলে। সাধারণত ১৮ বছরের নিচে যেসব শিশু অর্থের প্রয়োজনে অথবা অন্য কোনো কারণে বিভিন্ন কর্মৰেত্রে কাজ করে তাদেরকে শ্রমজীবী শিশু হিসেবে চিহ্নিত করা হয়। উদ্দীপকেও লৰ করা যায় যে, মোবারক নামের শিশুটি আ. সাত্তার সাহেবের বাসায় কাজ করে। এই বয়সে মোবারকের স্কুলে যাবার কথা থাকলেও দারিদ্র্যতার কারণে তাকে অন্যের বাসায় কাজ করতে হয়। কাজ করতে গিয়ে সে অনেক সময় নানাভাবে নির্যাতনের শিকারও হয়। এ চিত্র শুধু মোবারকের ৰেত্রেই প্রযোজ্য নয়। আমাদের দেশের হাজারো শিশু আজ নানা কারণে শ্রমজীবী হিসেবে নানা ৰেত্রে কাজ করছে। ফলে তারা লেখাপড়ার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে এবং ভালো খাবার ও চিকিৎসা সেবাও পাচ্ছে না। অতএব, উদ্দীপকের মোবারক চরিত্রটি পাঠ্যবইয়ের শ্রমজীবী শিশুদের বঞ্চনারই প্রতিচ্ছবি।

**ঘ** মোবারকের মতো শিশুদের প্রতি আমাদের সৌহার্দপূর্ণ মনোভাব পোষণ করা উচিত বলে আমি মনে করি। শিশুদের প্রতি ভালো আচরণের মাধ্যমে মানুষ মানবিক গুণসম্পন্ন নাগরিক হয়ে ওঠে। তাছাড়া শিশুরা ভালো পরিবেশে বেড়ে উঠলে পরিবার ও সমাজের প্রতি তারা দায়িত্বশীল হয়ে ওঠে। তদ্রবপ উদ্দীপকে মোবারকের বাসার মালিক তার সাথে ব্যাপক খারাপ ব্যবহার করে। তার মালিকের উচিত ছিল তার সাথে সদয় মনোভাব পোষণ করা। তেমনি সকল ৰেত্রেই শ্রমজীবী শিশুদের সাথে ভালো ব্যবহার করতে হবে। তাদের লেখাপড়ার সুযোগ করে দিতে হবে। তাদের কাজে যথাসম্ভব সাহায্য করতে হবে। এছাড়াও শ্রমজীবী শিশুরা অসুস্থ হলে তাদের সুচিকিৎসা ও সেবা করতে হবে। এতে তার শারীরিক ও মানসিক বিকাশ সাধিত হয়। অতএব, নিশ্চিতভাবেই বলা যায় যে, শ্রমজীবী শিশুদের প্রতি আমরা যদি মানবিক আচরণ করি তাহলে তাদের মধ্যে শারীরিক, মানসিক ও নৈতিক গুণাবলির বিকাশ ঘটবে।

**প্রশ্ন– ৭ ▸▸** শিশু নির্যাতনের কারণ ও প্রভাব



ক. বাসায় কাজ করা কোনো শিশু অসুস্থ হলে কী করতে হবে? ১

খ. শিশুশ্রমের কারণ ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যমান চিত্রে যে বিষয়টি নির্দেশিত হয়েছে তার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. শিশুদের জীবনে উক্ত বিষয়টির প্রভাব মূল পাঠের আলোকে বিশেরষণ কর। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** তার চিকিৎসা ও সেবাযত্ন করে তার প্রতি সহমর্মিতা প্রকাশ করতে হবে।

**খ** শিশুশ্রমের অনেক কারণ রয়েছে। সাধারণত দারিদ্র্যতা ও পারিবারিক অসচ্ছলতার কারণে শিশুরা কাজ করতে বাধ্য হয়। আবার কোনো পরিবারে বাবা–মা অসুস্থ হলে কিংবা তাদের মধ্যে বিবাহ বিচ্ছেদ ঘটলে অনেক সময় শিশুরা অর্থ উপার্জনে বাধ্য হয়। বড় ধরনের কোনো প্রাকৃতিক দুর্যোগের কারণে অনেক শিশু বিদ্যালয় থেকে ঝরে পড়ে এবং শিশুশ্রমিক হিসেবে কাজ করে। আবার অনেক সময় অভিভাবকদের সন্তানের প্রতি বৈষম্যমূলক আচরণও শিশুকে শ্রমিকে পরিণত করে।

**গ** দৃশ্যমান চিত্রে শিশু নির্যাতনের বিষয়টি নির্দেশিত হয়েছে। শিশুদের প্রতি উপহাস, তিরস্কার, গালমন্দ, শারীরিক ও মানসিক ইত্যাদি নানা অমানবিক ও নির্দয় আচরণ করা হয়। এটি একটি মানবতাবিরোধী গর্হিত কাজ। দৃশ্যমান চিত্রটি শিশু নির্যাতনের একটি খণ্ডচিত্র মাত্র। নানাভাবে আমাদের সমাজে শিশুরা প্রতিনিয়ত নির্যাতনের শিকার হচ্ছে। শিশু নির্যাতনের যেসব কারণ রয়েছে তার মধ্যে অন্যতম হলো বাবা–মার মধ্যে মনোমালিন্য, তাদের মধ্যকার ঝগড়াঝাটি। তাছাড়া মা–বাবার বিচ্ছেদ, ছাড়াছাড়ির মতো ঘটনার কারণেও শিশু নির্দয় আচরণের শিকার হয়। আবার শিশুরা কখনো কখনো বড় ভাই বা আত্মীয়স্বজন দ্বারা কারণে অকারণে নির্যাতনের শিকার হয়। শিশুরা বিদ্যালয়ের শিৰক কর্তৃকও নির্যাতনের শিকার হয়। দুর্বল শিশুরা অনেক সময় প্রতিবেশীর সাথে জমি নিয়ে বিরোধের কারণেও নির্যাতনের শিকার হয়। এছাড়াও বাস ট্রাকের ড্রাইভার ও কন্ট্রাকটর দ্বারাও শিশুরা নির্যাতিত হয়। অতএব, উদ্দীপকে উপস্থাপিত শিশু নির্যাতনের যেসব কারণ রয়েছে তা পাঠ্যবইয়ের শিশু নির্যাতনের কারণের সাথে সাদৃশ্যপূর্ণ।

**ঘ** শিশুদের জীবনে নির্যাতনের সুদূরপ্রসারী প্রভাব পড়তে দেখা যায়। সাধারণত শিশুদের প্রতি অমানবিক আচরণ করাই হলো শিশু নির্যাতন। শিশুরা পরিবার, বিদ্যালয়, কারখানাসহ অন্যান্য ৰেত্রে কারণে অকারণে প্রায়ই নির্যাতনের শিকার হয়। দৃশ্যমান চিত্রে শিশু নির্যাতনের চিত্রই ফুটে উঠেছে। শিশু নির্যাতন শুধু দৃশ্যমান চিত্রেই সীমাবদ্ধ নয়। আমাদের দেশের হাজার হাজার শিশু নানাভাবে নির্যাতনের শিকার। নির্যাতনের কারণে অনেক শিশু স্বাভাবিকভাবে বেঁচে থাকতে পারে না। এছাড়াও শিশুর প্রতি নির্দয় আচরণ শিশুর শারীরিক, মানসিক ও নৈতিক বিকাশকে বাধাগ্রস্ত করে। অনেক বাবা–মা তাদের উচ্চ প্রত্যাশার কারণে শিশুর ওপর বাড়তি চাপ সৃষ্টি করে। এ কারণে শিশুমনে নানা সমস্যার সৃষ্টি হয়। ফলে শিশু ৰীণ স্বাস্থ্যের অধিকারী ও খিটখিটে মেজাজের হয়। পরিশেষে বলা যায়, শিশুদের জীবনে শিশু নির্যাতনের ব্যাপক প্রভাব রয়েছে। যার ফলে শিশুর ভবিষ্যৎ জীবন মারাত্মকভাবে ৰতিগ্রস্ত হয়।

**প্রশ্ন– ৮ ▸▸** শিশু পাচার

তৃতীয় শ্রেণির ছাত্র মাসুদ প্রতিদিনের ন্যায় আজও স্কুল থেকে ফিরছিল। রাস্তায় অপরিচিতি একজন লোক তাকে থামিয়ে চকলেট খেতে দেয় আর ক্রিকেট খেলার জন্য ব্যাট ও বল কিনে দেয়ার কথা বলে। এতে মাসুদ অনেক খুশি হয়ে লোকটির সাথে যেতে রাজি হয়। লোকটি মাসুদকে নিয়ে গিয়ে একটি ঘরে আটকে রেখে টাকার বিনিময়ে অন্য লোকের কাছে বিক্রি করে দেয়।

ক. কীভাবে শিশুরা পরিবার ও সমাজের প্রতি দায়িত্বশীল হয়ে ওঠে? ১

খ. সামাজিকীকরণে গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ধরনের মানবাধিকার বিরোধী কাজের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মানবাধিকার বিরোধী কাজ প্রতিরোধে তুমি কী কী করতে পার? মতামত দাও। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** ভালো পরিবেশে বেড়ে উঠলে শিশুরা পরিবার ও সমাজের প্রতি দায়িত্বশীল হয়ে ওঠে।

**খ** সাধারণত যেসব মাধ্যম জনগণের কাছে সংবাদ, মতামত, বিনোদন প্রভৃতি পরিবেশন করে তাদেরকে গণমাধ্যম বলে। সংবাদপত্র, ম্যাগাজিন, বেতার, টেলিভিশন, চলচ্চিত্র প্রভৃতি সামাজিকীরণে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমাজের মূল্যবোধ, প্রথা, ঐতিহ্য, সংস্কৃতি, শিৰা

প্রভৃতি সংবাদপত্র ও ম্যাগাজিনে প্রকাশ পায় যা সামাজিকীকরণে ভূমিকা পালন করে। এছাড়াও বেতার ও টেলিভিশনে বিভিন্ন প্রকার বিনোদন ও শিৰামূলক অনুষ্ঠান প্রচার করে যা শিশুর মানসিক বিকাশে ভূমিকা রাখে। আবার বাস্তব ও আদর্শভিত্তিক চলচ্চিত্র ব্যক্তির মনোভাব গঠনে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**গ** উদ্দীপকে শিশু পাচারের মতো মানবাধিকার বিরোধী কাজের ইঙ্গিত পাওয়া যায়। শিশুদেরকে ভয় বা লোভ দেখিয়ে, প্রতারণা করে অথবা জোরপূর্বক ধরে নিয়ে গিয়ে দেশের বাইরে বিক্রি করে দেয়াকে শিশু পাচার বলে। উদ্দীপকে লৰ করা যায়, তৃতীয় শ্রেণির মাসুদকে অপরিচিত একজন লোক ভালো খাবার ও খেলার সামগ্রী দেয়ার কথা বলে ধরে নিয়ে যায়। তারপর তাকে টাকার বিনিময়ে পাচার করে। আমাদের দেশেও মাসুদের মতো অনেক শিশু আছে যাদেরকে পাচারকারীরা নানারকম প্রলোভন দেখিয়ে বিভিন্ন দেশে পাচার করে। পিতামাতার অসেচতনতার কারণে এসব শিশুরা পাচার হয়ে যায়। অনেক সময় দেখা যায় শিশু দেহের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গ সংগ্রহ করে বিক্রি করে। এভাবে পাচারকারীরা বিভিন্ন কৌশলে শিশুদেরকে পাচার করে থাকে। অতএব সুনিশ্চিতভাবেই বলা যায় যে, উদ্দীপকে মাসুদের ঘটনার সাথে পাঠ্যবইয়ে আলোচিত শিশু পাচার বিষয়টির সম্পূর্ণ মিল রয়েছে।

**ঘ** শিশু পাচার প্রতিরোধে আমি নানা প্রকার পদৰেপ গ্রহণ করতে পারি। সাধারণভাবে কোনো শিশুকে এক দেশ থেকে অন্য দেশে বিক্রি করাকে বলা হয় শিশুপাচার। দারিদ্র্যতা ও সচেতনার অভাবে এসব শিশুরা পাচার হয়ে যায়। উদ্দীপকের মাসুদও প্রলোভনে পড়ে পাচার হয়ে যায়। মাসুদ যদি বোকার মতো অপরিচিত লোকের সাথে কথা না বলতো তাহলে তার এই পরিণতি হতো না। এছাড়াও শিশুপাচার প্রতিরোধের অন্যতম মাধ্যম হলো সচেতনতা। যেমন : দুরে কিংবা নির্জন স্থানে কখনো একাকি যাওয়া যাবে না। আবার অপরিচিত ব্যক্তির সাথে কোথাও যাওয়াও ঠিক নয়। প্রলোভনকারীকে সবসময় সন্দেহের চোখে দেখা উচিত। আমাদেরকে পাচারের কৌশলগুলো সম্পর্কে জেনে সতর্ক হতে হবে। প্রয়োজন হলে যথাযথ কর্তৃপৰকে জানিয়ে শিশু পাচার রোধ করা সম্ভব। অতএব, সকলের সম্মিলিত প্রয়াস ও সচেতনতার মাধ্যমে শিশুপাচারের মতো মানবাধিকার বিরোধী অপরাধ যথাসম্ভব প্রতিরোধ করা যায়।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৯ ▸▸** সামাজিকীকরণের বিভিন্ন মাধ্যম

সুমাইয়া চাকরিজীবী বাবা–মায়ের একমাত্র সন্তান। বাবা–মায়ের ব্যস্ততার কারণে তাকে তিন বছর বয়সে একটি ডে–কেয়ার সেন্টারে ভর্তি করে দেন। সুমাইয়া বর্তমানে ষষ্ঠ শ্রেণির শিৰার্থী। সুমাইয়ার বাবা মা লৰ করেছেন, সে বাবা–মায়ের প্রতি তেমন শ্রদ্ধাশীল নয়। সে সবসময় বিদ্যালয়ের শিৰকদের অনুসরণ করে।

ক. শ্রমজীবি শিশুদের প্রতি আমাদের আচরণ কেমন হওয়া উচিত? ১
খ. শিশুর সুষ্ঠু সামাজিকীকরণে খেলা ও পড়ার সাথিদের ভূমিকা উলেৰখ কর। ২
গ. উদ্দীপকে সুমাইয়ার বাবা–মায়ের প্রতি আসৌজন্যমূলক আচরণের জন্য সামাজিকীকরণের কোন মাধ্যমটি দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, সুমাইয়ার সামাজিকীকরণে তার বিদ্যালয়ের ভূমিকায়ই প্রধান? যুক্তি দাও। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** শ্রমজীবি শিশুদের প্রতি আমাদের আচরণ হবে নমনীয়।

**খ** শিশুর সুষ্ঠু সামাজিকীকরণে খেলা ও পড়ার সাথিদের ভূমিকা রয়েছে। এদের মাধ্যমেই সহযোগিতা, সহনশীলতা, সহমর্মিতা, নেতৃত্ব প্রভৃতি গুণাবলি বিকশিত হয়। এই সাথিদের দলের মধ্যে আবার কখনো বা দ্বন্দ্ব দেখা দেয়। যা সমস্যা সমাধানে ও দ্বন্দ্ব নিরসন কৌশল আয়ত্তকরণে সহায়তা করে। খেলা ও পড়ার সাথিদের মাধ্যমে শিশু নিজের আচরণের ভালো কিংবা মন্দ দিকের গুণাবলি ও মুখোমুখি সমালোচনা শুনতে পায়। এ ধরনের সমালোচনা শিশুকে সমাজে কাঙ্ক্ষিত আচরণ করতে শিৰা দেয়।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** সামাজিকীকরণের পরিবার মাধ্যমটি ব্যাখ্যা কর।

**ঘ** সামাজিকীকরণের বিভিন্ন মাধ্যম বিশেৰষণ কর।

**প্রশ্ন– ১০ ▸▸** শিশু পাচার



ক. শিশুর মনে হীনমন্যতার উদ্ভব ঘটে কেন? ১
খ. শিশুর সামাজিকীকরণে ধর্মীয় প্রতিষ্ঠানের প্রভাব গুরবত্বপূর্ণ– ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যমান চিত্রটি পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়ের কৌশল, কারণ ও ৰতিকর দিকগুলো মূল পাঠের আলোকে বিশেৰষণ কর। ৪

### ১০ নং প্রশ্নের উত্তর

**ক** শিশুর চাহিদার অপূর্ণতা শিশুমনে হীনমন্যতার জন্ম দেয়।

**খ** ধর্মীয় প্রতিষ্ঠানের বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান শিশুমনে গভীর রেখাপাত করে। তাদের বাহ্যিক আচার–ব্যবহারকে সংযত করে এবং নৈতিক উন্নতি সাধন করে। এসব ধর্মীয় প্রতিষ্ঠান ব্যক্তির বিবেকবোধ ও চেতনাকে জাগ্রত করে। পারস্পরিক বন্ধন সুদৃঢ় করে। সৌহার্দ্য ও সম্প্রতি বাড়িয়ে তোলে, যা শিশু–কিশোরদের নৈতিকতা বিকাশে সহায়তা করে। সম্প্রীতির শিৰা মনের সংকীর্ণতাকে দূরীভূত করে।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** শিশুপাচার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

**ঘ** শিশুপাচারের কারণ ও ফলাফল বিশেৰষণ কর।

## নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ সামাজিকীকরণ কোন ধরনের প্রক্রিয়া?**

**উত্তর :** সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া।

**প্রশ্ন ॥ ২ ॥ সামাজিকীকরণ কাকে বলে?**

**উত্তর :** নতুন পরিবেশ পরিস্থিতির সাথে নিজেকে খাপ খাইয়ে চলার নাম সামাজিকীকরণ।

**প্রশ্ন ॥ ৩ ॥ শিশুর সামাজিকীকরণে প্রাথমিক দায়িত্ব কার?**
**উত্তর :** শিশুর সামাজিকীকরণে প্রাথমিক দায়িত্ব বাবা-মা ও পরিবারের অন্যান্য সদস্যদের।

**প্রশ্ন ॥ ৪ ॥ শিশুর অনুকরণীয় আদর্শে পরিণত হন কে?**
**উত্তর :** মা শিশুর অনুকরণীয় আদর্শে পরিণত হন।

**প্রশ্ন ॥ ৫ ॥ কোনটি শিশুকে সামাজিক মানুষ পরিণত করে?**
**উত্তর :** সামাজিকীকরণ শিশুকে সামাজিক মানুষে পরিণত করে।

**প্রশ্ন ॥ ৬ ॥ সামাজিকীকরণ শিশুকে কী হতে সাহায্য করে?**
**উত্তর :** সামাজিকীকরণ শিশুকে দায়িত্বশীল হতে সাহায্য করে।

**প্রশ্ন ॥ ৭ ॥ শিশুর সুষ্ঠু সামাজিকীকরণে কীসের প্রয়োজন হয়?**
**উত্তর :** শিশুর সুষ্ঠু সামাজিকীকরণে প্রয়োজন সুন্দর পারিবারিক পরিবেশ।

**প্রশ্ন ॥ ৮ ॥ প্রাথমিকভাবে শিশুর সামাজিকীকরণ প্রক্রিয়ায় বিকাশ ঘটে কোথা থেকে?**
**উত্তর :** পরিবার থেকে শিশুর সামাজিকীকরণ প্রক্রিয়ার বিকাশ ঘটে।

**প্রশ্ন ॥ ৯ ॥ প্রতিবেশী কারা?**
**উত্তর :** আমাদের বাড়ির আশেপাশে যারা বসবাস করেন তারা হলো আমাদের প্রতিবেশী।

**প্রশ্ন ॥ ১০ ॥ শিশু কোথায় সামাজিক আদর্শগুলোর চর্চা করে?**
**উত্তর :** শিশুরা শিৰা প্রতিষ্ঠানে সামাজিক আদর্শগুলোর চর্চা করে।

**প্রশ্ন ॥ ১১ ॥ শিৰা প্রতিষ্ঠান থেকে শিশুরা কী কী সামাজিক আদর্শ শেখে?**
**উত্তর :** শৃঙ্খলাবোধ, দায়িত্ববোধ, নিয়মানুবর্তীতা, শ্রদ্ধাবোধ, সহযোগিতা, সহমর্মিতা, পারস্পরিক ভালোবাসা শিশু শিৰা প্রতিষ্ঠান হতে শেখে।

**প্রশ্ন ॥ ১২ ॥ কোনটি শিশুর আচরণকে প্রভাবিত করে?**
**উত্তর :** পাঠ্যপুস্তকের পঠিত বিষয়বস্তু শিশুর আচরণকে প্রভাবিত করে।

**প্রশ্ন ॥ ১৩ ॥ কীভাবে শিশু নেতৃত্বের গুণাবলি অর্জন করতে পারে?**
**উত্তর :** শিশু খেলা ও পড়ার সাথিদের সাথে মেলামেশা করে নেতৃত্বের গুণাবলি অর্জন করতে পারে।

**প্রশ্ন ॥ ১৪ ॥ ধর্ম মানুষকে কী হতে সাহায্য করে?**
**উত্তর :** ধর্ম মানুষকে সৎ ও ন্যায়পরায়ণ হতে সাহায্য করে।

**প্রশ্ন ॥ ১৫ ॥ ধর্মের মূল বিষয় কী?**
**উত্তর :** ব্যক্তিকে ন্যায় ও কল্যাণের প্রতি আহ্বান করা এবং অন্যায় ও অকল্যাণ থেকে দূরে রাখাই ধর্মের মূল বিষয়।

**প্রশ্ন ॥ ১৬ ॥ গণমাধ্যম কী?**
**উত্তর :** বৃহৎ জনগোষ্ঠীর কাছে সংবাদ, দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতির বিষয়বস্তু, বিশেষ ধ্যান-ধারণা, বিনোদন প্রভৃতি পরিবেশন করার মাধ্যমই হলো গণমাধ্যম।

**প্রশ্ন ॥ ১৭ ॥ শিশুর সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে কোনটি?**
**উত্তর :** আদর্শ ও বাস্তবধর্মী শিৰামূলক চলচ্চিত্র শিশুর সামাজিকীকরণে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**প্রশ্ন ॥ ১৮ ॥ শিশুশ্রম কী?**
**উত্তর :** উপার্জন করার জন্য কাজ করতে গিয়ে শিশুরা বিপদ, ঝুঁকি, শোষণ ও বঞ্চনার সম্মুখীন হলে সে কাজকে শিশুশ্রম বলে।

**প্রশ্ন ॥ ১৯ ॥ শিশুর কোন ধরনের কাজ শিশুশ্রমের অন্তর্ভুক্ত নয়?**
**উত্তর :** পরিবারের কোনো কাজে সহায়তা করা শিশুশ্রমের অন্তর্ভুক্ত নয়।

**প্রশ্ন ॥ ২০ ॥ শিশুরা কেন অর্থ উপার্জনে বাধ্য হয়?**
**উত্তর :** পরিবারের অসচ্ছলতা ও দারিদ্র্যতার কারণে শিশুরা অর্থ উপার্জনে বাধ্য হয়।

**প্রশ্ন ॥ ২১ ॥ শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্যের ৰতি করে কোনটি?**
**উত্তর :** ঝুঁকিপূর্ণ শিশুশ্রম শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্যের ৰতি করে।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ সামাজিকীকরণ বলতে কী বোঝায়?**
**উত্তর :** সামাজিকীকরণ হলো এমন একটি প্রক্রিয়া, যার মাধ্যমে মানবশিশু ক্রমশ ব্যক্তিত্বপূর্ণ সামাজিক মানুষে পরিণত হয়। অর্থাৎ জীবনের প্রতিটি ৰেত্রে ব্যক্তি যখন এক পর্যায় হতে আরেক পর্যায়ে প্রবেশ করে তখন তাকে নতুন পরিবেশ ও পরিস্থিতির সাথে খাপ খাইয়ে চলতে হয়। এই নতুন নিয়মকানুন রীতিনীতি এবং নতুন পরিবেশ পরিস্থিতির সাথে নিজেকে খাপখাইয়ে চলার প্রক্রিয়ার নামই সামাজিকীকরণ।

**প্রশ্ন ॥ ২ ॥ গণমাধ্যম বলতে কী বোঝায়?**
**উত্তর :** বৃহৎ জনগোষ্ঠীর নিকট সংবাদ, দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতির বিষয়বস্তু, ধ্যান-ধারণা প্রভৃতি পরিবেশন করার মাধ্যমই হলো গণমাধ্যম। আধুনিক যুগের সংস্কৃতি হয়ে উঠেছে গণমাধ্যমকে কেন্দ্র করে। গণমাধ্যমগুলোর মধ্যে রয়েছে সংবাদপত্র, বেতার, চলচ্চিত্র, টেলিভিশন প্রভৃতি।

**প্রশ্ন ॥ ৩ ॥ সামাজিকীকরণের প্রক্রিয়া ব্যাখ্যা কর।**
**উত্তর :** সমাজে আমরা বিভিন্ন প্রক্রিয়ার মধ্য দিয়ে বেড়ে উঠি। সমাজ থেকে আমরা যা শিখি সেটা আমাদের সামাজিক শিৰা। এ শিৰার অন্তর্ভুক্ত হচ্ছে- সমাজের নিয়মনীতি, মূল্যবোধ, বিশ্বাস, আদর্শ ইত্যাদি। যে সমস্ত প্রক্রিয়ার মাধ্যমে আমরা সমাজের বিভিন্ন রীতিনীতিও শিৰার মাধ্যমে নিজেকে একজন প্রকৃত সামাজিক মানুষ হিসেবে গড়ে তুলতে পারি তাকে সামাজিকীকরণ প্রক্রিয়া বলা হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ সামাজিকীকরনের বাহন কী? ব্যাখ্যা করে।**
**উত্তর :** একটি শিশু জন্মের পর থেকে সামাজিকীকরনের বিভিন্ন ধাপ পরিগ্রহ করে। জন্মের পর শিশুর খাদ্য ও উষ্ণতার চাহিদা পূরণ করে তার মা। এ কারণে মা শিশুর অনুকরণীয় আদর্শে পরিণত হয়। কিছুকাল পর শিশু বাবাসহ অন্যান্য মানুষের উপস্থিতি উপলব্ধি করে এবং তার সামাজিক সম্পর্কের গন্ডি আরো বিস্তৃত হয়। পরবর্তীতে প্রতিবেশী, সমবয়সী, খেলা ও পড়ার সাথি ও ধর্মীয় প্রতিষ্ঠানসহ বিভিন্ন মাধ্যমে শিশু সামাজিক জীবে পরিণত হয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ সামাজিকীকরণের প্রভাব ব্যাখ্যা কর।**
**উত্তর :** ব্যক্তি ও সমাজজীবনে সামাজিকীকরণের প্রভাব অনেক। সামাজিকীকরণ প্রক্রিয়া শিশুকে সামাজিক মানুষে পরিণত করে। সুস্থ ও সুন্দরভাবে বিকশিত হতে ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে সহায়তা করে। সুষ্ঠু সামাজিকীকরণ কোন ব্যক্তিকে সমাজের দায়িত্বশীল সদস্য পরিণত করে এবং সমাজের শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সহায়তা করে। সামাজিককীরণ ব্যক্তির জীবনে প্রয়োজনীয় দৰতার বিকাশ ঘটায়। সামাজিকতার দৰতা কাজে লাগিয়ে ব্যক্তি জীবনের অনেক ঝুঁকি ও সমস্যা মোকাবিলা করতে পারে।

**প্রশ্ন ॥ ৬ ॥ শিশুর সুষ্ঠু সামাজিকীকরণে পরিবারের ভূমিকা কী?**
**উত্তর :** শিশুরা সামাজিকীকরণের প্রক্রিয়া আরম্ভ হয় পরিবার থেকে। শিশুর চারিত্রিক গুণাবলি পারিবারিক পরিবেশেই বিকশিত হয়। সহযোগিতা, সহিষ্ণুতা, সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ, আত্মত্যাগ, ভালোবাসা প্রভৃতি সামাজিক শিৰা শিশু পরিবার থেকে অর্জন করে, শিশুর সুষ্ঠু সামাজিকীকরণের জন্য প্রয়োজন হয় সুন্দর পারিবারিক পরিবেশ, তাই শারীরিক ও মানসিক সুস্থতা নিয়ে শিশুর বেড়ে উঠার জন্য সবসময় সুন্দর পারিবারিক পরিবেশ বজায় রাখা উচিত।

**প্রশ্ন ॥ ৭ ॥ সামাজিকীকরণের মাধ্যম হিসেবে শিৰা প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা কর।**
**উত্তর :** সামাজিকীকরণের মাধ্যম হিসেবে শিৰা প্রতিষ্ঠান গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। শিৰা প্রতিষ্ঠান শিশুর জ্ঞানকে বিকশিত করে তার মধ্যে শৃঙ্খলাবোধ, দায়িত্ববোধ, নিয়মানুবর্তিতা, শ্রদ্ধাবোধ, সহযোগিতা, সহমর্মিতা, পারস্পরিক ভালোবাসার চর্চা করায়। শিৰা প্রতিষ্ঠান বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে শিশু বৃহত্তর সমাজের আদব-কায়দা, আচার-আচরণ ও মূল্যবোধ শিখে থাকে। পাঠ্যপুস্তকের বিষয়বস্তু শিশুর আচরণকে প্রভাবিত করে। সামাজিকীকরণে তাই শিৰা প্রতিষ্ঠানের ভূমিকা খুবই গুরবত্বপূর্ণ।